রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ১০, ২০২২

**[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ**
**বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৭ পৌষ, ১৪২৮ বঙ্গাব্দ/ ১১ জানুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নম্বর-১০-/আইন/২০২২।**—বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল আইন, ২০১০ (২০১০ সনের ৬১ নং আইন) এর ধারা ৩৭ এ প্রদত্ত ক্ষমতাবলে, বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা:—

## প্রথম অধ্যায়
## সূচনা

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই প্রবিধানমালা বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল প্রবিধানমালা, ২০২২ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে এই প্রবিধানমালায়—

(ক) **‘‘অসদাচরণ’’** অর্থ একজন চিকিৎসা সেবা প্রদানকারীর এমন আচরণ যাহা তাহার পেশায় নিয়োজিত অন্যান্য সহকর্মী বা ভদ্রজনের জন্য শিষ্টাচার বহির্ভূত, এবং নিম্নবর্ণিত আচরণসমূহ ইহার অন্তর্ভুক্ত হইবে, যথা:—

(১) পেশাগত কর্তব্যে অবহেলা; বা


**মূল্য :** টাকা ৪০.০০

(২) কোনো ব্যক্তির প্রতি অশালীনতা প্রদর্শন, বিরক্তিকর বা বিবেচনাহীন উক্তি ব্যবহার বা প্রকাশ করা; বা

(৩) কাউন্সিল বা অন্য কোনো কর্তৃপক্ষের নিকট মিথ্যা বা অসার অভিযোগ পেশ করা; বা

(৪) আইনের ধারা ৫ এর দফা (২২) অনুযায়ী কাউন্সিল কর্তৃক নির্ধারিত স্বীকৃত মেডিকেল চিকিৎসক ও স্বীকৃত ডেন্টাল চিকিৎসকদের জন্য অনুসরণীয় পেশাগত আচরণের মান ও তৎসম্পর্কিত নীতির লঙ্ঘন;

(খ) **''আইন''** অর্থ বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল আইন, ২০১০ (২০১০ সনের ৬১ নং আইন);

(গ) **"কাউন্সিল"** অর্থ ধারা ২ এর দফা (২) এ সংজ্ঞায়িত কাউন্সিল;

(ঘ) **"কার্যনির্বাহী কমিটি"** অর্থ ধারা ৯ এ উল্লিখিত কার্যনির্বাহী কমিটি;

(ঙ) **''কোষাধ্যক্ষ''** অর্থ ধারা ৭ এ উল্লিখিত কোষাধ্যক্ষ;

(চ) **"চিকিৎসা সেবা প্রদানকারী"** অর্থ আইন ও এই প্রবিধানমালার অধীন নিবন্ধিত কোনো স্বীকৃত মেডিকেল চিকিৎসক, স্বীকৃত ডেন্টাল চিকিৎসক বা মেডিকেল সহকারী;

(ছ) **"তফসিল"** অর্থ এই প্রবিধানমালার তফসিল;

(জ) **''ধারা''** অর্থ আইনের কোনো ধারা;

(ঝ) **''নিবন্ধক''** অর্থ ধারা ২ এর দফা (৬) এ সংজ্ঞায়িত নিবন্ধক;

(ঞ) **''প্রেসিডেন্ট''** অর্থ ধারা ৭ এর উপ-ধারা (১) এ উল্লিখিত প্রেসিডেন্ট;

(ট) **''ভাইস-প্রেসিডেন্ট''** অর্থ ধারা ৭ এর উপ-ধারা (১) এ উল্লিখিত ভাইস-প্রেসিডেন্ট;

(ঠ) **''মেডিকেল সহকারী''** অর্থ ধারা ১৫ এর অধীন মেডিকেল সহকারী হিসাবে নিবন্ধিত কোনো ব্যক্তি;

(ড) **"স্বীকৃত ডেন্টাল চিকিৎসক"** অর্থ ধারা ২ এর দফা (১৬) এ সংজ্ঞায়িত কোনো স্বীকৃত ডেন্টাল চিকিৎসক; এবং

(ঢ) **"স্বীকৃত মেডিকেল চিকিৎসক"** অর্থ ধারা ২ এর দফা (১৮) এ সংজ্ঞায়িত কোনো স্বীকৃত মেডিকেল চিকিৎসক।

(২) এই প্রবিধানমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে ব্যবহৃত হইবে।

## দ্বিতীয় অধ্যায়
## কার্যালয়, নির্বাচন, সভা, ইত্যাদি

৩। **কার্যালয়।**—(১) কাউন্সিলের প্রধান কার্যালয় ঢাকায় থাকিবে।

(২) কাউন্সিল, প্রয়োজনবোধে, বাংলাদেশের যে কোনো স্থানে উহার আঞ্চলিক কার্যালয় স্থাপন করিতে পারিবে।

৪। **কাউন্সিলের নির্বাচন পদ্ধতি।**—(১) কাউন্সিল ধারা ৭ এর উপ-ধারা (১) অনুযায়ী প্রেসিডেন্ট, ভাইস-প্রেসিডেন্ট এবং কোষাধ্যক্ষ নির্বাচনের উদ্দেশ্যে উহার সদস্যগণের মধ্য হইতে একজন রিটার্নিং অফিসার নিয়োগ করিবে:

তবে শর্ত থাকে যে, যদি কাউন্সিলের সদস্যগণের মধ্যে কোনো সদস্য রিটার্নিং অফিসার হইতে অসম্মতি জ্ঞাপন করেন তাহা হইলে নিবন্ধক রিটার্নিং অফিসার হিসাবে দায়িত্ব পালন করিবেন।

(২) যদি কাউন্সিলের কোনো সদস্য রিটার্নিং অফিসার হিসাবে দায়িত্ব পালন করেন তাহা হইলে তিনি উক্ত নির্বাচনে অংশগ্রহণ করিতে পারিবেন না।

(৩) রিটার্নিং অফিসার উপ-প্রবিধি (১) এ উল্লিখিত পদের নির্বাচনে প্রার্থীতার প্রস্তাব ও সমর্থন আহ্বান করিয়া বিজ্ঞপ্তি প্রকাশ করিবেন।

(৪) রিটার্নিং অফিসার কাউন্সিলের সদস্যগণের মধ্য হইতে ক্রমানুসারে প্রেসিডেন্ট, ভাইস-প্রেসিডেন্ট এবং কোষাধ্যক্ষ পদের জন্য প্রার্থীতার প্রস্তাব ও সমর্থন আহ্বান করিবার পর যদি—

(ক) কোনো পদে একজন প্রার্থীর নাম প্রস্তাব করা হয় তাহা হইলে উক্ত প্রার্থীকে সংশ্লিষ্ট পদের জন্য নির্বাচিত বলিয়া ঘোষণা করিবেন; এবং

(খ) কোনো পদে একাধিক প্রার্থীর নাম প্রস্তাব করা হয় তাহা হইলে গোপন ব্যালটের মাধ্যমে উক্ত পদের নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করিবেন।

(৫) ধারা ৪ এর উপ-ধারা (১) এর দফা (ড), (ঢ) এবং (থ) এ বর্ণিত কাউন্সিলের সদস্য নির্বাচনের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধান নির্বাচন কার্যক্রম পরিচালনার জন্য একটি কমিটি গঠন করিবেন এবং উক্ত কমিটি নির্বাচনের ফলাফল কাউন্সিলে প্রেরণ করিবে।

(৬) কাউন্সিল ধারা ৪ এর উপ-ধারা (১) এর দফা (ণ), (ত), (দ) এবং (ম) এ বর্ণিত কাউন্সিলের সদস্য নির্বাচনের উদ্দেশ্যে উহার ভাইস-প্রেসিডেন্টকে চেয়ারম্যান এবং অপর ২ (দুই) জন কাউন্সিল সদস্য সমন্বয়ে একটি নির্বাচন পরিচালনা কমিটি গঠন করিবে।

(৭) ধারা ৪ এর উপ-ধারা (১) এর দফা (ণ), (ত), (দ) এবং (ম) এর ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধান উক্ত প্রতিষ্ঠানের শিক্ষক প্রতিনিধি নির্বাচন কার্যক্রম পরিচালনার জন্য একটি কমিটি গঠন করিবেন এবং উক্ত কমিটি নির্বাচনের ফলাফল উপ-প্রবিধান (৬) এর অধীন গঠিত নির্বাচন পরিচালনা কমিটির নিকট প্রেরণ করিবে।

(৮) নির্বাচন পরিচালনা কমিটি উপ-প্রবিধি (৭) অনুযায়ী প্রাপ্ত ফলাফলে উল্লিখিত প্রতিনিধিগণের মধ্য হইতে নির্বাচনের মাধ্যমে কাউন্সিলের সদস্য নির্বাচন করিবে।

(৯) ক্ষেত্রমত, রিটার্নিং অফিসার বা নির্বাচন পরিচালনা কমিটি নির্বাচন পরিচালনার জন্য নিম্নরূপে নির্বাচন তফসিল প্রস্তুত করিবে, যথা:—

(ক) খসড়া ভোটার তালিকা প্রকাশের তারিখ;

(খ) খসড়া ভোটার তালিকার উপর আপত্তি দাখিলের তারিখ;

(গ) খসড়া ভোটার তালিকায় উত্থাপিত আপত্তি শুনানির তারিখ;

(ঘ) চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের তারিখ;

(ঙ) মনোনয়নপত্র জমা প্রদানের তারিখ;

(চ) মনোনয়নপত্র বাছাই এর তারিখ;

(ছ) প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থী তালিকা প্রকাশের তারিখ;

(জ) প্রার্থীতা গ্রহণ বা বাতিলের বিরুদ্ধে আপিল দায়েরের সর্বশেষ তারিখ;

(ঝ) আপিল শুনানির তারিখ;

(ঞ) মনোনয়নপত্র প্রত্যাহারের তারিখ;

(ট) চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশের তারিখ;

(ঠ) ভোট গ্রহণের তারিখ; এবং

(ড) প্রযোজ্যতা অনুযায়ী নির্বাচনের ফলাফল কাউন্সিলে প্রেরণের তারিখ।

(১০) ধারা ৪ এর উপ-ধারা (১) এর দফা (ড), (ঢ), (ণ), (ত), (থ), (দ) এবং (ম) এর অধীন নির্বাচনের ক্ষেত্রে ভোটার হইবার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধ্যাপক, সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক, লেকচারার, রেসিডেন্ট সার্জন, রেসিডেন্ট ফিজিশিয়ান, রেজিস্ট্রার এবং কিউরেটরগণের হালনাগাদ নিবন্ধন থাকিতে হইবে।

(১১) কোনো পদে নির্বাচনের ক্ষেত্রে একাধিক প্রার্থীর নাম প্রস্তাব করা হইলে প্রত্যক্ষ গোপন ব্যালটের মাধ্যমে নির্বাচন অনুষ্ঠিত হইবে:

তবে শর্ত থাকে যে, যদি একজন প্রার্থীর নাম প্রস্তাব করা হয় তাহা হইলে উক্ত প্রার্থীকে নির্বাচিত হিসাবে ঘোষণা করা হইবে:

আরও শর্ত থাকে যে, যদি কোনো পদে প্রার্থীতার জন্য কাহারো নাম প্রস্তাব করা না হয় তাহা হইলে কাউন্সিল পুনরায় উক্ত পদে নির্বাচনের ব্যবস্থা গ্রহণ করিবে।

(১২) ভোট গণনার সময় প্রার্থী নিজে বা তাহার পক্ষে একজন প্রতিনিধি উপস্থিত থাকিতে পারিবেন।

(১৩) কোনো পদে নির্বাচনের ক্ষেত্রে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণ যদি সমান সংখ্যক ভোট পাইয়া থাকেন তাহা হইলে সেই ক্ষেত্রে লটারির মাধ্যমে একজনকে নির্বাচিত ঘোষণা করা হইবে।

(১৪) কোনো পদে নির্বাচন সংক্রান্ত সকল যোগাযোগ ক্ষেত্রমত, রিটার্নিং অফিসার বা নির্বাচন পরিচালনা কমিটির চেয়ারম্যানের মাধ্যমে করিতে হইবে।

**৫। কাউন্সিলের সভার নোটিশ, ইত্যাদি।**—(১) প্রেসিডেন্ট কর্তৃক নির্ধারিত সময়ে কাউন্সিলের সভা অনুষ্ঠিত হইবার অনধিক ১৫ (পনের) দিন পূর্বে নিবন্ধক কাউন্সিলের প্রত্যেক সদস্যকে আলোচ্যসূচিসহ সভার স্থান, তারিখ ও সময়, নোটিশ এবং টেলিফোন, ই-মেইলের মাধ্যমে অবহিত করিবেন।

(২) সভা অনুষ্ঠিত হইবার অনধিক ৭ (সাত) দিন পূর্বে সভার কার্যপত্র প্রত্যেক সদস্য কর্তৃক তাহার সহিত যোগাযোগের জন্য প্রদত্ত ঠিকানায় ও ই-মেইলের মাধ্যমে প্রেরণ করিতে হইবে।

**৬। প্রস্তাবের নোটিশ।**—(১) কোনো সদস্য কাউন্সিলের সভার আলোচ্যসূচিতে অন্তর্ভুক্তির জন্য কোনো প্রস্তাব উপস্থাপন করিতে চাহিলে উহা সভার জন্য নির্ধারিত তারিখের অনধিক ১০ (দশ) দিন পূর্বে লিখিতভাবে নিবন্ধকের নিকট প্রেরণ করিতে হইবে।

(২) প্রেসিডেন্টের স্বার্থ সংশ্লিষ্ট কোনো প্রস্তাব কাউন্সিলের সভায় উপস্থাপনপূর্বক সংখ্যাগরিষ্ঠ সদস্যগণের সমর্থনে কাউন্সিলের সভার আলোচ্যসূচিতে অন্তর্ভুক্ত করা যাইবে।

(৩) কাউন্সিলের প্রেসিডেন্টের স্বার্থ সংশ্লিষ্ট নহে এইরূপ কোনো বিষয় প্রেসিডেন্ট কর্তৃক গৃহীত হইলে উহা সভা অনুষ্ঠানের নির্ধারিত তারিখের অনধিক ৭ (সাত) দিন পূর্বে আলোচ্যসূচিতে অন্তর্ভুক্ত করিয়া নিবন্ধক কাউন্সিলের প্রত্যেক সদস্যের ঠিকানায় প্রেরণ করিবেন এবং টেলিফোন, ই-মেইল বা অন্য কোনো গ্রহণযোগ্য পদ্ধতিতে কাউন্সিলের প্রত্যেক সদস্যকে অবহিত করিবেন।

**৭। সভা মুলতবি।**—(১) সভার সভাপতি উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠের সম্মতিতে কাউন্সিলের সভা মুলতবি ঘোষণা করিতে পারিবেন।

(২) মুলতবি সভায় কেবল পূর্বের সভার ধারাবাহিকতায় আলোচনা করা যাইবে এবং নূতন করে কোনো আলোচ্যসূচি গ্রহণ করা যাইবে না।

(৩) কোনো সভা মুলতবি করিবার ক্ষেত্রে কোন্ তারিখ পর্যন্ত উক্ত সভা মুলতবি থাকিবে তাহা তাৎক্ষণিকভাবে কাউন্সিলের সকল সদস্যকে অবহিত করিতে হইবে।

(৪) সভাপতি উপ-প্রবিধি (৩) এ নির্ধারিত তারিখ পরিবর্তন করিলে নিবন্ধক পরিবর্তিত তারিখ নোটিশ, টেলিফোন, ই-মেইল বা অন্য কোনো গ্রহণযোগ্য পদ্ধতিতে কাউন্সিলের প্রত্যেক সদস্যকে অবহিত করিবেন।

(৫) মুলতবি সভার ক্ষেত্রে কোরামের প্রয়োজন হইবে না।

৮। **সভার সিদ্ধান্ত গ্রহণ পদ্ধতি।**—(১) সদস্যগণের কন্ঠ ভোটে বা হাত উত্তোলনের মাধ্যমে বা গোপন ব্যালটের মাধ্যমে কাউন্সিলের সভার সিদ্ধান্ত গৃহীত হইবে।

(২) সভাপতি উপ-প্রবিধি (১) এ উল্লিখিত গোপন ব্যালটের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণের পদ্ধতি নির্ধারণ করিবেন।

৯। **কাউন্সিলের সভার কার্যবিবরণী।**—(১) কাউন্সিলের সভার কার্যবিবরণীতে উক্ত সভার আলোচ্যসূচি, সিদ্ধান্তের জন্য উপস্থাপিত, অনুমোদিত, অননুমোদিত সকল প্রস্তাব, প্রস্তাবের সংশোধনী, প্রস্তাব উপস্থাপনকারী ও সমর্থকের নাম, যদি থাকে, আলোচনার সংক্ষিপ্তসার এবং সিদ্ধান্ত লিপিবদ্ধ করিতে হইবে।

(২) নিবন্ধক কাউন্সিলের সভার মুদ্রিত কার্যবিবরণী ম্যানুয়াল ও ডিজিটাল পদ্ধতিতে যথাযথভাবে সংরক্ষণ করিবেন।

(৩) নিবন্ধক প্রত্যেক সভার কার্যবিবরণীর স্বাক্ষরিত অনুলিপি সভা সমাপ্তির তারিখ হইতে অনধিক ৭ (সাত) দিনের মধ্যে ডাকযোগে ও ই-মেইলের মাধ্যমে প্রত্যেক সদস্যের নিকট প্রেরণ করিবেন।

১০। **বিশেষ সভা।**—(১) কাউন্সিলের অন্যূন এক-তৃতীয়াংশ সদস্য লিখিতভাবে সভার আলোচ্য বিষয় উল্লেখ করিয়া সভা আহবানের জন্য প্রেসিডেন্টের নিকট অনুরোধ জানাইলে প্রেসিডেন্ট কাউন্সিলের বিশেষ সভা আহ্বান করিবেন।

(২) উপ-প্রবিধি (১) এর অধীন বিশেষ সভা আহ্বানের অনুরোধ প্রাপ্তির তারিখ হইতে অনধিক ১৫ (পনের) দিনের মধ্যে উক্ত সভা আহ্বান করিতে হইবে এবং যেই বিষয়ের জন্য বিশেষ সভা আহ্বান করা হইয়াছে উক্ত সভায় কেবল সেই বিষয়ে আলোচনা করিতে হইবে।

## তৃতীয় অধ্যায়
## কমিটি গঠন, কার্যাবলি, ইত্যাদি

১১। **কার্যনির্বাহী কমিটির মেয়াদ, সভা, ইত্যাদি।**—(১) ধারা ৯ এর বিধান অনুযায়ী গঠিত কার্যনির্বাহী কমিটির মেয়াদ হইবে উহা গঠনের তারিখ হইতে ৩ (তিন) বৎসর:

তবে শর্ত থাকে যে, কাউন্সিলের সদস্য হিসাবে কাহারও মেয়াদ শেষ হইলে কার্যনির্বাহী কমিটির সদস্য হিসাবেও তাহার মেয়াদ শেষ হইবে।

(২) কার্যনির্বাহী কমিটির কোনো সদস্যের পদ শূন্য হইলে কাউন্সিল নূতন সদস্য নির্বাচন করিবে এবং নব-নির্বাচিত সদস্য উক্ত শূন্য পদের অবশিষ্ট মেয়াদের জন্য দায়িত্ব পালন করিবেন।

(৩) নিবন্ধক কার্যনির্বাহী কমিটির সদস্য-সচিবের দায়িত্ব পালন করিবেন।

(৪) কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্টের সম্মতিক্রমে উক্ত কমিটির সদস্য-সচিব সভা আহ্বান করিবেন এবং তাঁহার অনুপস্থিতিতে কাউন্সিলের ভাইস-প্রেসিডেন্ট সভাপতিত্ব করিবেন।

(৫) প্রবিধি ৫ এর উপ-প্রবিধি (১) এ উল্লিখিত কাউন্সিলের সভার অনধিক ১ (এক) মাস পূর্বে কার্যনির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত হইবে:

তবে শর্ত থাকে যে, প্রয়োজনবোধে কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট যে কোনো সময় কার্যনির্বাহী কমিটির জরুরী সভা আহ্বান করিতে পারিবেন।

(৬) ৪ (চার) জন সদস্যের উপস্থিতিতে কার্যনির্বাহী কমিটির সভার কোরাম গঠিত হইবে।

১২। **কার্যনির্বাহী কমিটির কার্যাবলি।**—কার্যনির্বাহী কমিটির কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) কাউন্সিলের নিকট চিকিৎসা সেবা প্রদানকারীগণের নিবন্ধন সংক্রান্ত কার্যপদ্ধতির সুপারিশ উপস্থাপন;

(খ) বাংলাদেশের বাহিরে ডিগ্রি অর্জনকারীগণের নিবন্ধনের পূর্বে পরীক্ষা গ্রহণ সংক্রান্ত যাবতীয় কার্যাবলি সম্পাদন;

(গ) কাউন্সিলের নিকট স্বীকৃতির আবেদনসমূহ যাচাই-বাছাইক্রমে চিকিৎসা সেবা প্রদানকারীগণের প্রাথমিক তালিকা প্রণয়ন এবং তাহাদের নিবন্ধনের জন্য ফিসহ অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(ঘ) ম্যানুয়াল ও ডিজিটাল পদ্ধতিতে চিকিৎসা সেবা প্রদানকারীগণের তালিকা মুদ্রণ, প্রকাশ এবং কাউন্সিলের অন্যান্য প্রকাশনার ব্যবস্থা গ্রহণ;

(ঙ) কাউন্সিলের আলোচনা ও সিদ্ধান্তের জন্য বিষয় নির্ধারণ;

(চ) কাউন্সিলের সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(ছ) প্রেসিডেন্টের নির্দেশক্রমে কাউন্সিলের প্রতিবেদন প্রস্তুত;

(জ) মেডিকেল প্রতিষ্ঠান ও ডেন্টাল প্রতিষ্ঠানসমূহে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের রেজিস্ট্রেশনের পদ্ধতি প্রণয়ন এবং রেজিস্ট্রেশন ফি নির্ধারণ বিষয়ে কাউন্সিলকে সুপারিশ প্রদান;

(ঝ) শৃঙ্খলা কমিটি, স্বীকৃতি কমিটি, জার্নাল কমিটি ও ভবিষ্য তহবিল কমিটির সিদ্ধান্তসমূহ পর্যালোচনাক্রমে সুপারিশসহ কাউন্সিলে প্রেরণ;

(ঞ) সরকারের পূর্বানুমোদনক্রমে কাউন্সিল কর্তৃক প্রণীত প্রবিধানমালা অনুযায়ী নিবন্ধকসহ অন্যান্য কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ এবং তাহাদের চাকরির শৃঙ্খলা সংক্রান্ত বিষয়;

(ট) কার্যনির্বাহী কমিটির সভার কার্যবিবরণী, পর্যালোচনা, উহার বাস্তবায়ন ও তদারকি;

(ঠ) বিভিন্ন কমিটির প্রতিবেদন, সুপারিশ, প্রস্তাব ও মতামত বিবেচনা;

(ড) এই প্রবিধানমালায় বর্ণিত হয় নাই এমন কোনো বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রশ্নে কাউন্সিলকে পরামর্শ প্রদান;

(ঢ) কাউন্সিলের নিকট হইতে প্রেরিত কোনো বিষয়ের উপর মতামত বা সুপারিশ প্রদান; এবং

(ণ) আইন অনুযায়ী এবং সরকার ও কাউন্সিল কর্তৃক প্রদত্ত অন্যান্য কার্যাবলি সম্পাদন।

১৩। **কাউন্সিলের অন্যান্য কমিটি।**—(১) ধারা ১০ এর উদ্দেশ্যপূরণকল্পে কাউন্সিলের নিম্নবর্ণিত কমিটি থাকিবে, যথা:—

(ক) শৃঙ্খলা কমিটি;

(খ) স্বীকৃতি কমিটি;

(গ) জার্নাল কমিটি; এবং

(ঘ) ভবিষ্য তহবিল কমিটি।

(২) উপ-প্রবিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন কাউন্সিল, আইন ও এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে, উহার সদস্যদের মধ্য হইতে প্রয়োজনীয় সংখ্যক অন্যান্য সাধারণ ও বিশেষ কমিটি গঠন করিতে পারিবে।

১৪। **শৃঙ্খলা কমিটির গঠন, মেয়াদ, সভা, ইত্যাদি।**—(১) কাউন্সিলের সদস্যগণের মধ্য হইতে ভোটের মাধ্যমে নির্বাচিত ৫ (পাঁচ) জন সদস্য সমন্বয়ে শৃঙ্খলা কমিটি গঠিত হইবে।

(২) শৃঙ্খলা কমিটির সদস্যগণ তাহাদের মধ্য হইতে ১ (এক) জনকে চেয়ারম্যান নির্বাচন করিবেন।

(৩) শৃঙ্খলা কমিটির সদস্যগণ উক্ত কমিটির প্রথম সভার তারিখ হইতে ৩ (তিন) বৎসর পর্যন্ত স্বীয় পদে বহাল থাকিবেন:

তবে শর্ত থাকে যে, কাউন্সিলের সদস্য হিসাবে তাহার মেয়াদ শেষ হইবার সঙ্গে সঙ্গে শৃঙ্খলা কমিটির সদস্য হিসাবেও তাঁহার মেয়াদ শেষ হইয়া যাইবে।

(৪) শৃঙ্খলা কমিটির কোনো সদস্যের পদ শূন্য হইলে কাউন্সিল নূতন সদস্য নির্বাচন করিবে এবং নব-নির্বাচিত সদস্য উক্ত পদের অবশিষ্ট মেয়াদের জন্য দায়িত্ব পালন করিবেন।

(৫) নিবন্ধক বা এতদুদ্দেশ্যে কাউন্সিল কর্তৃক মনোনীত কাউন্সিলের কোনো কর্মচারী শৃঙ্খলা কমিটির সদস্য-সচিবের দায়িত্ব পালন করিবেন।

(৬) শৃঙ্খলা কমিটির চেয়ারম্যানের সম্মতিক্রমে উক্ত কমিটির সদস্য-সচিব সভা আহ্বান করিবেন।

(৭) ৩ (তিন) জন সদস্যের উপস্থিতিতে শৃঙ্খলা কমিটির সভার কোরাম গঠিত হইবে।

**১৫। শৃঙ্খলা কমিটির কার্যাবলি।**—শৃঙ্খলা কমিটির কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) কোনো চিকিৎসা সেবা প্রদানকারীর বিরুদ্ধে অসদাচরণ, মানসিক ভারসাম্যহীনতা, মাদকাসক্তি, চারিত্রিক দোষত্রুটি বা অন্যান্য যৌক্তিক কারণ সংক্রান্ত কোনো অভিযোগ, প্রতিবেদন বা তথ্য পাওয়া গেলে উক্ত বিষয়ে প্রয়োজনীয় অনুসন্ধান ও তদন্ত করিয়া কার্যনির্বাহী কমিটির নিকট সুপারিশ প্রদান;

(খ) কাউন্সিল কর্তৃক প্রেরিত কোনো অভিযোগের উপর সুপারিশ প্রদানের জন্য প্রয়োজনবোধে, অভিযোগকারী এবং আবেদনকারীর বক্তব্য শ্রবণ;

(গ) দফা (খ) এর অধীন কার্যক্রম গ্রহণার্থে প্রয়োজনে সংশ্লিষ্ট ব্যক্তির ডিগ্রি, ডিপ্লোমা, নিবন্ধন সনদ বা সংশ্লিষ্ট অন্যান্য কাগজাদির মূল কপি পরীক্ষাকরণ; এবং

(ঘ) কাউন্সিল বা কার্যনির্বাহী কমিটির নিকট হইতে প্রেরিত অন্য কোনো বিষয়ের উপর মতামত বা সুপারিশ প্রদান।

**১৬। স্বীকৃতি কমিটির গঠন, মেয়াদ, সভা, ইত্যাদি।**—(১) কাউন্সিলের সদস্যগণের মধ্য হইতে ভোটের মাধ্যমে নির্বাচিত ৫ (পাঁচ) জন সদস্য সমন্বয়ে স্বীকৃতি কমিটি গঠিত হইবে।

(২) স্বীকৃতি কমিটির কোনো সদস্যের পদ শূন্য হইলে কাউন্সিল নূতন সদস্য নির্বাচন করিবে এবং নব-নির্বাচিত সদস্য উক্ত পদের অবশিষ্ট মেয়াদের জন্য দায়িত্ব পালন করিবেন।

(৩) স্বীকৃতি কমিটির সদস্যগণ তাহাদের মধ্য হইতে ১ (এক) জনকে চেয়ারম্যান নির্বাচন করিবেন।

(৪) স্বীকৃতি কমিটির সদস্যগণ উক্ত কমিটির প্রথম সভার তারিখ হইতে ৩ (তিন) বৎসর পর্যন্ত স্বীয় পদে বহাল থাকিবেন:

তবে শর্ত থাকে যে, কাউন্সিলের সদস্য হিসাবে তাহার মেয়াদ শেষ হইবার সঙ্গে সঙ্গে স্বীকৃতি কমিটির সদস্য হিসাবেও তাঁহার মেয়াদ শেষ হইয়া যাইবে।

(৫) নিবন্ধক বা এতদুদ্দেশ্যে কাউন্সিল কর্তৃক মনোনীত কাউন্সিলের কোনো কর্মচারী স্বীকৃতি কমিটির সদস্য-সচিবের দায়িত্ব পালন করিবেন।

(৬) স্বীকৃতি কমিটির চেয়ারম্যানের সম্মতিক্রমে উক্ত কমিটির সদস্য-সচিব সভা আহ্বান করিবেন।

(৭) ৩ (তিন) জন সদস্যের উপস্থিতিতে স্বীকৃতি কমিটির সভার কোরাম গঠিত হইবে।

(৮) স্বীকৃতি কমিটি প্রয়োজনবোধে উহার বিশেষ বা টেকনিক্যাল প্রকৃতির বিষয় ভিত্তিক বিশেষ দক্ষতার স্বীকৃতির জন্য ৩ (তিন) জন সদস্য সমন্বয়ে এক বা একাধিক উপ-কমিটি গঠন করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, বিষয় ভিত্তিক বিশেষ দক্ষতার স্বীকৃতির জন্য সংশ্লিষ্ট বিষয়ে এক বা একাধিক বিশেষজ্ঞকে উপ-কমিটিতে অন্তর্ভুক্ত করা যাইবে।

১৭। **স্বীকৃতি কমিটির কার্যাবলি।**—স্বীকৃতি কমিটির কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) আইনের অধীন কোনো মেডিকেল চিকিৎসা-শিক্ষা যোগ্যতা এবং কোনো ডেন্টাল চিকিৎসা-শিক্ষা যোগ্যতার স্বীকৃতির আবেদন প্রাপ্তির অনধিক ৬০ (ষাট) দিনের মধ্যে উহা বিবেচনা ও উহার উপর কার্যনির্বাহী কমিটির নিকট সুপারিশ প্রদান;

(খ) মেডিকেল চিকিৎসা-শিক্ষা ও ডেন্টাল চিকিৎসা-শিক্ষার বিভিন্ন পর্যায়ে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য প্রয়োজনীয় যোগ্যতা ও শর্তের সুপারিশ করা;

(গ) মেডিকেল চিকিৎসা-শিক্ষা ও ডেন্টাল চিকিৎসা-শিক্ষার পাঠ্যক্রম প্রণয়ন, পাঠ্যক্রমের সময়-সীমা নির্ধারণ এবং ছাত্র-ছাত্রী ভর্তির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(ঘ) মেডিকেল চিকিৎসা-শিক্ষা এবং ডেন্টাল চিকিৎসা-শিক্ষার স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের ছাত্র-ছাত্রীদের প্রশিক্ষণ কোর্সের জন্য পাঠ্যক্রম প্রস্তুত;

(ঙ) কাউন্সিল কর্তৃক গৃহীত পরীক্ষার পরীক্ষকগণের ন্যূনতম যোগ্যতা ও অভিজ্ঞতার মান সুপারিশ করা;

(চ) মেডিকেল চিকিৎসা-শিক্ষা এবং ডেন্টাল চিকিৎসা-শিক্ষার কোনো বিশেষ বিষয়ের দক্ষতাসমূহ চিহ্নিতকরণ এবং উক্ত দক্ষতাসমূহ অর্জনের পূর্বশর্তসমূহ নির্ধারণ;

(ছ) চিকিৎসা সেবা প্রদানকারীগণের বিশেষ দক্ষতার স্বীকৃতির আবেদন বিবেচনাক্রমে উক্ত বিষয়ে কাউন্সিলের নিকট সুপারিশ করা;

(জ) বিশেষ দক্ষতা অর্জনকারী চিকিৎসা সেবা প্রদানকারীগণের নাম ম্যানুয়াল ও ডিজিটাল পদ্ধতিতে তালিকাভুক্ত ও প্রকাশ;

(ঝ) মেডিকেল প্রতিষ্ঠানসমূহে নিয়োগ ও পদোন্নতির জন্য যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাদির সুপারিশ করা;

(ঞ) স্বীকৃত মেডিকেল চিকিৎসা-শিক্ষা যোগ্যতা ও স্বীকৃত ডেন্টাল চিকিৎসা-শিক্ষা যোগ্যতার পরীক্ষার মান, পরীক্ষা পরিচালনা পদ্ধতি ও পরীক্ষার অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলির সুপারিশ করা;

(ট) কাউন্সিল, প্রেসিডেন্ট বা চেয়ারম্যানের নির্দেশক্রমে কোনো বিষয়ের উপর প্রতিবেদন প্রস্তুত; এবং

(ঠ) কাউন্সিল বা কার্যনির্বাহী কমিটির নিকট হইতে প্রেরিত কোনো বিষয়ের উপর মতামত বা সুপারিশ প্রদান।

**১৮। জার্নাল কমিটির গঠন, মেয়াদ, সভা, ইত্যাদি।**—(১) কাউন্সিলের সদস্যগণের মধ্য হইতে ভোটের মাধ্যমে নির্বাচিত ৫ (পাঁচ) জন সদস্য সমন্বয়ে জার্নাল কমিটি গঠিত হইবে।

(২) জার্নাল কমিটির কোনো সদস্যের পদ শূন্য হইলে কাউন্সিল নূতন সদস্য নির্বাচন করিবে এবং নব-নির্বাচিত সদস্য উক্ত পদের অবশিষ্ট মেয়াদের জন্য দায়িত্ব পালন করিবেন।

(৩) জার্নাল কমিটির সদস্যগণ তাহাদের মধ্য হইতে ১ (এক) জনকে চেয়ারম্যান নির্বাচন করিবেন।

(৪) জার্নাল কমিটির সদস্যগণ উক্ত কমিটির প্রথম সভার তারিখ হইতে ৩ (তিন) বৎসর পর্যন্ত স্বীয় পদে বহাল থাকিবেন:

তবে শর্ত থাকে যে, কাউন্সিলের সদস্য হিসাবে তাহার মেয়াদ শেষ হইবার সঙ্গে সঙ্গে জার্নাল কমিটির সদস্য হিসাবেও তাঁহার মেয়াদ শেষ হইয়া যাইবে।

(৫) নিবন্ধক বা এতদুদ্দেশ্যে কাউন্সিল কর্তৃক মনোনীত কাউন্সিলের কোনো কর্মচারি জার্নাল কমিটির সদস্য-সচিবের দায়িত্ব পালন করিবেন।

(৬) জার্নাল কমিটির চেয়ারম্যানের সম্মতিক্রমে উক্ত কমিটির সদস্য-সচিব সভা আহ্বান করিবেন।

(৭) ৩ (তিন) জন সদস্যের উপস্থিতিতে জার্নাল কমিটির সভার কোরাম গঠিত হইবে।

**১৯। জার্নাল কমিটির কার্যাবলি।**—জার্নাল কমিটির কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) কার্যনির্বাহী কমিটির অনুমোদন সাপেক্ষে মেডিকেল জার্নালের স্বীকৃতির জন্য শর্তাবলি নির্ধারণ;

(খ) মেডিকেল জার্নাল স্বীকৃতির জন্য প্রাপ্ত আবেদনসমূহ যাচাই করিয়া কার্যনির্বাহী কমিটির নিকট সুপারিশ করা;

(গ) কোনো কারণে কোনো স্বীকৃত জার্নালের স্বীকৃতি স্থগিত বা বাতিলের প্রয়োজন হইলে সে বিষয়ে কার্যনির্বাহী কমিটির নিকট সুপারিশ করা; এবং

(ঘ) কাউন্সিল বা কার্যনির্বাহী কমিটির নিকট হইতে প্রেরিত কোনো বিষয়ের উপর মতামত বা সুপারিশ প্রদান।

**২০। ভবিষ্য তহবিল কমিটির গঠন, মেয়াদ, সভা, ইত্যাদি।**—(১) কাউন্সিলের ভাইস-প্রেসিডেন্ট এবং কাউন্সিলের সদস্যগণের মধ্য হইতে উহার প্রথম সভায় ভোটের মাধ্যমে নির্বাচিত ১(এক) জন সদস্য ও নিবন্ধকের সমন্বয়ে ভবিষ্য তহবিল কমিটি গঠিত হইবে।

(২) কাউন্সিলের ভাইস-প্রেসিডেন্ট ভবিষ্য তহবিল কমিটির চেয়ারম্যান হইবেন।

(৩) ভবিষ্য তহবিল কমিটির কোনো সদস্যের পদ শূন্য হইলে কাউন্সিল নূতন সদস্য নির্বাচন করিবে এবং নব-নির্বাচিত সদস্য উক্ত পদের অবশিষ্ট মেয়াদের জন্য দায়িত্ব পালন করিবেন।

(৪) ভবিষ্য তহবিল কমিটির সদস্যগণ উক্ত কমিটির প্রথম সভার তারিখ হইতে ৩ (তিন) বৎসর পর্যন্ত স্বীয় পদে বহাল থাকিবেন:

তবে শর্ত থাকে যে, কাউন্সিলের সদস্য হিসাবে তাহার মেয়াদ শেষ হইবার সঙ্গে সঙ্গে ভবিষ্য তহবিল কমিটির সদস্য হিসাবেও তাঁহার মেয়াদ শেষ হইয়া যাইবে।

(৫) নিবন্ধক ভবিষ্য তহবিল কমিটির সদস্য-সচিবের দায়িত্ব পালন করিবেন।

(৬) ২ (দুই) জন সদস্যের উপস্থিতিতে জার্নাল কমিটির সভার কোরাম গঠিত হইবে।

**২১। ভবিষ্য তহবিল কমিটির কার্যাবলি।**—ভবিষ্য তহবিল কমিটির কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) কাউন্সিলের ভবিষ্য তহবিলের ব্যবস্থাপনা;

(খ) কাউন্সিলের কোনো কর্মচারী ভবিষ্য তহবিল হইতে ঋণের জন্য আবেদন করিলে উহা যাচাই করিয়া কার্যনির্বাহী কমিটির নিকট সুপারিশ; এবং

(গ) কাউন্সিল বা কার্যনির্বাহী কমিটির নিকট হইতে প্রেরিত কোনো বিষয়ের উপর মতামত বা সুপারিশ প্রদান।

## চতুর্থ অধ্যায়
## নিবন্ধন, রেজিস্টার, ফি, ইত্যাদি

**২২। ছাত্র-ছাত্রীদের রেজিস্ট্রেশন।**—(১) প্রত্যেক স্বীকৃত মেডিকেল প্রতিষ্ঠান বা স্বীকৃত ডেন্টাল প্রতিষ্ঠানকে প্রতি শিক্ষাবর্ষের ছাত্র-ছাত্রীদের পাঠদান আরম্ভ হইবার ২ (দুই) মাসের মধ্যে সংশ্লিষ্ট কাগজাদি ও তফসিল-১০ এ উল্লিখিত ফিসহ উক্ত শিক্ষাবর্ষে ছাত্র-ছাত্রীদের রেজিস্ট্রেশনের জন্য কাউন্সিলের প্রেসিডেন্টের নিকট আবেদন করিতে হইবে।

(২) উপ-প্রবিধি (১) এ উল্লিখিত আবেদনের সহিত নিম্নবর্ণিত কাগজাদি দাখিল করিতে হইবে, যথা:—

(ক) ভর্তি পরীক্ষার প্রবেশ পত্র বা রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত অনুলিপি;

(খ) ভর্তি পরীক্ষার মেধাক্রমসহ ফলাফল ও নম্বরপত্রের সত্যায়িত অনুলিপি;

(গ) জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি;

(ঘ) তফসিল-১০ এ উল্লিখিত ফি জমা প্রদানের প্রমাণক; এবং

(ঙ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা ও (ordinary) লেভেল বা সমমান এবং উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা এ (advanced) লেভেল বা সমমান পাশের সমতাকরণ সনদ ও নম্বরপত্রের সত্যায়িত অনুলিপি।

(৩) কাউন্সিল উপ-প্রবিধি (১) এ উল্লিখিত আবেদন এবং সংশ্লিষ্ট কাগজাদি পরীক্ষাক্রমে ছাত্র-ছাত্রী রেজিস্ট্রেশন সনদ প্রদান করিবে।

**২৩। চিকিৎসা সেবা প্রদানকারীর নিবন্ধন।**—(১) কোনো ছাত্র বা ছাত্রী কোনো স্বীকৃত মেডিকেল প্রতিষ্ঠান বা স্বীকৃত ডেন্টাল প্রতিষ্ঠান হইতে পেশাগত চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ হইবার পর সাময়িক নিবন্ধনের জন্য তফসিল-১০ এ উল্লিখিত ফি’ প্রদানক্রমে কাউন্সিলের প্রেসিডেন্টের নিকট আবেদন করিতে পারিবে।

(২) উপ-প্রবিধি (১) এ উল্লিখিত সাময়িক নিবন্ধনের আবেদনের সহিত নিম্নবর্ণিত কাগজাদি দাখিল করিতে হইবে, যথা:—

(ক) সংশ্লিষ্ট মেডিকেল প্রতিষ্ঠান বা ডেন্টাল প্রতিষ্ঠানের অধ্যক্ষের প্রশংসাপত্র (testimonial);

(খ) পেশাগত আচরণের মান পরিপালন সংক্রান্ত ঘোষণাপত্র;

(গ) সংশ্লিষ্ট মেডিকেল কলেজ বা বিশ্ববিদ্যালয়ের নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি;

(ঘ) কাউন্সিল কর্তৃক সরবরাহকৃত ছাত্র রেজিস্ট্রেশন সনদের সত্যায়িত অনুলিপি;

(ঙ) সম্প্রতি তোলা এক কপি সত্যায়িত ছবি;

(চ) জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি;

(ছ) তফসিল-১০ এ উল্লিখিত ফি জমা প্রদানের প্রমাণক; এবং

(জ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা ও (ordinary) লেভেল বা সমমান এবং উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা এ (advanced) লেভেল বা সমমান পাশের সমতাকরণ সনদ ও নম্বরপত্রের সত্যায়িত অনুলিপি।

(৩) কাউন্সিল উপ-প্রবিধি (১) এ উল্লিখিত আবেদনের সহিত দাখিলকৃত কাগজাদি যাচাইক্রমে সন্তুষ্ট হইলে সংশ্লিষ্ট আবেদনকারীকে ১ (এক) বৎসর মেয়াদী সাময়িক নিবন্ধন সনদ প্রদান করিবে।

(৪) উপ-প্রবিধি (৩) এর অধীন সাময়িক নিবন্ধন সনদ প্রাপ্ত মেডিকেল চিকিৎসক বা ডেন্টাল চিকিৎসক ইন্টার্ণশীপ সমাপ্ত হইবার পর কাউন্সিলের নিকট তফসিল-১০ এ উল্লিখিত ফি' প্রদানক্রমে পূর্ণ নিবন্ধনের জন্য আবেদন করিতে পারিবেন।

(৫) উপ-প্রবিধি (৪) এ উল্লিখিত চূড়ান্ত নিবন্ধনের আবেদনের সহিত নিম্নবর্ণিত কাগজাদি দাখিল করিতে হইবে, যথা:—

(ক) স্বীকৃত মেডিকেল চিকিৎসা শিক্ষা যোগ্যতা বা স্বীকৃত ডেন্টাল চিকিৎসা-শিক্ষা যোগ্যতার সনদের সত্যায়িত অনুলিপি;

(খ) সাময়িক নিবন্ধনের মূল সনদ;

(গ) ইন্টার্ণশীপ সমাপন সনদের সত্যায়িত অনুলিপি;

(ঘ) প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি রঙ্গিন ছবি;

(ঙ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি অথবা বিদেশীদের ক্ষেত্রে পাসপোর্টের সত্যায়িত অনুলিপি;

(চ) Taxpayers Identification Number (TIN), যদি থাকে, এর সত্যায়িত অনুলিপি; এবং

(ছ) আইনের ধারা ৫ এর দফা (২২) অনুযায়ী কাউন্সিল কর্তৃক নির্ধারিত স্বীকৃত মেডিকেল চিকিৎসক ও স্বীকৃত ডেন্টাল চিকিৎসকদের জন্য অনুসরণীয় পেশাগত আচরণের মান ও তৎসম্পর্কিত নীতি অনুসরণ সংক্রান্ত ঘোষণা;

(৬) কাউন্সিল উপ-প্রবিধি (৪) এর অধীন দাখিলকৃত আবেদনপত্র যাচাইপূর্বক সন্তুষ্ট হইলে আবেদনকারীর অনুকূলে চূড়ান্তভাবে নিবন্ধন করিবে এবং প্রবিধান ২৪ এর বিধান অনুযায়ী নিবন্ধন সনদ প্রদান করিবে।

**২৪। রেজিস্টারে নাম অন্তর্ভুক্তি, ইত্যাদি।**—(১) এই প্রবিধানমালার অধীন নিবন্ধিত প্রত্যেক চিকিৎসা সেবা প্রদানকারীকে নিবন্ধন সনদ গ্রহণ করিবার পর তাহার নাম রেজিস্টারে অন্তর্ভুক্ত করিবার জন্য কাউন্সিলের প্রেসিডেন্টের নিকট আবেদন করিতে হইবে।

(২) উপ-প্রবিধি (১) এ বর্ণিত আবেদনপত্রে নিম্নবর্ণিত তথ্যাবলির উল্লেখ থাকিতে হইবে, যথা:—

(ক) আবেদনকারীর ডিগ্রি বা ধারা ১২, ১৪ ও ১৫ এ উল্লিখিত যোগ্যতা বা আইনের তফসিলে বর্ণিত চিকিৎসা সেবা প্রদানকারীর যোগ্যতা বা প্রবিধান ২৩ অনুযায়ী নিবন্ধন সনদ সম্পর্কে ঘোষণা;

(খ) দফা (ক) এ উল্লিখিত ডিগ্রি, যোগ্যতা বা নিবন্ধন সনদ অর্জনের তারিখ;

(গ) এই প্রবিধানমালা জারির পূর্বে আবেদনকারী কাউন্সিলে নিবন্ধিত হইয়া থাকিলে উক্ত নিবন্ধনের তারিখ, নিবন্ধন নম্বর এবং যেই ডিগ্রি বা যোগ্যতার ভিত্তিতে উক্ত নিবন্ধন হইয়াছিল উহার বিবরণ; এবং

(ঘ) আবেদনকারীর পূর্ববর্তী নিবন্ধন সনদ, যদি থাকে।

(৩) উপ-প্রবিধি (২) এ উল্লিখিত তথ্যাদি পরীক্ষার পর কাউন্সিল সন্তুষ্ট হইলে আবেদনকারীকে তফসিল-১০ এ উল্লিখিত ফি প্রদানের জন্য নির্দেশ প্রদান করিতে পারিবে।

(৪) আবেদনকারী কর্তৃক উপ-প্রবিধি (৩) এর নির্দেশ অনুযায়ী ফি প্রদানের পর তাহার নাম, ঠিকানা ও যোগ্যতার বিবরণ রেজিস্টারে অন্তর্ভুক্ত করিতে হইবে।

(৫) উপ-প্রবিধি (৪) অনুসারে যাহাদের নাম রেজিস্টারে অন্তর্ভুক্ত করা হইবে তাহাদের মধ্যে, প্রযোজ্যতা অনুযায়ী, স্বীকৃত মেডিকেল চিকিৎসকগণকে তফসিল-৭, স্বীকৃত ডেন্টাল চিকিৎসকগণকে তফসিল-৮ এবং মেডিকেল সহকারীগণকে তফসিল-৯ অনুযায়ী নিবন্ধন সনদ প্রদান করিতে হইবে।

(৬) উপ-প্রবিধি (৫) এর অধীন প্রদত্ত নিবন্ধনের মেয়াদ হইবে ৫ (পাঁচ) বৎসর।

(৭) কাউন্সিল কোনো আবেদনকারীকে নিবন্ধন করিতে অস্বীকৃতি জ্ঞাপন করিলে উহা পুনর্বিবেচনার জন্য কাউন্সিলের প্রেসিডেন্টের নিকট আবেদন করিতে হইবে।

(৮) কাউন্সিল উপ-প্রবিধি (৭) এ উল্লিখিত পুনর্বিবেচনার আবেদনটি প্রত্যাখ্যান করিলে আবেদনকারী উক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে ধারা ২৪ অনুযায়ী সরকারের নিকট আপিল করিতে পারিবে।

**২৫। নিবন্ধন নবায়ন পদ্ধতি।**—(১) প্রবিধি ২৪ এর উপ-প্রবিধি (৫) এর অধীন চূড়ান্ত নিবন্ধন সনদের মেয়াদ শেষ হইবার অনধিক ৩০ (ত্রিশ) দিন পূর্বে উহা নবায়নের জন্য আবেদনকারীকে উহার মূল কপিসহ তফসিল-১০ এ উল্লিখিত ফি প্রদানক্রমে কাউন্সিলের প্রেসিডেন্টের নিকট আবেদন করিতে হইবে।

(২) চূড়ান্ত নিবন্ধন সনদের মেয়াদ শেষ হইবার পরও উহা নবায়ন করা না হইলে তফসিল-১০ এ উল্লিখিত বিলম্ব ফি প্রদানক্রমে নবায়ন আবেদন করা যাইবে।

(৩) কাউন্সিল উপ-প্রবিধি (১) এর অধীন দাখিলকৃত আবেদনপত্র ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজাদি যাচাইপূর্বক সন্তুষ্ট হইলে আবেদনকারীর নিবন্ধন নবায়ন করিয়া পৃথকভাবে নিবন্ধন নবায়ন সনদ প্রদান করিবে।

(৪) নিবন্ধক নবায়নের বিষয়টি সংশ্লিষ্ট তথ্যাদিসহ রেজিস্টারে লিপিবদ্ধ করিবেন।

**২৬। নিবন্ধন ফি, পরিদর্শন ফি, ইত্যাদি জমা প্রদান।**—(১) আইন ও এই প্রবিধানমালার উদ্দেশ্যপূরণকল্পে এই প্রবিধানমালার তফসিল-১০ অনুযায়ী গৃহীত সকল ফি ধারা ১১ এর অধীন গঠিত বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল তহবিলে জমা হইবে।

(২) ব্যাংক ড্রাফট, পে অর্ডার, অনলাইন ব্যাংকিং, ট্রেজারি চালান বা কাউন্সিল কর্তৃক নির্ধারিত অন্য কোনো মাধ্যমে সকল ফি জমা প্রদান করা যাইবে।

**২৭। রেজিস্টার সংরক্ষণ, রক্ষণাবেক্ষণ, ইত্যাদি।**—(১) চিকিৎসা সেবা প্রদানকারী অর্থাৎ নিবন্ধিত কোনো স্বীকৃত মেডিকেল চিকিৎসক, স্বীকৃত ডেন্টাল চিকিৎসক বা মেডিকেল সহকারীগণের জন্য পৃথক ক্রমিক সংখ্যাসহ রেজিস্টার সংরক্ষণ করিতে হইবে।

(২) নিবন্ধনের জন্য আবেদনকারীগণের আবেদনের ক্রম অনুসারে নিবন্ধন সংখ্যা প্রদান করিতে হইবে।

(৩) রেজিস্টারে প্রত্যেক নিবন্ধিত চিকিৎসা সেবা প্রদানকারীর যোগ্যতা, ডিগ্রি গ্রহণের তারিখ, নিবন্ধনের তারিখ, ঠিকানা, ই-মেইলসহ অন্যান্য তথ্যাদি সংশোধন, সংযোজন বা বিয়োজনের জন্য পর্যাপ্ত স্থান রাখিতে হইবে।

(৪) রেজিস্টারের প্রতি পৃষ্ঠায় নিবন্ধককে স্বাক্ষর করিতে হইবে।

(৫) নিবন্ধক নিবন্ধিত মেডিকেল চিকিৎসকদের জন্য তফসিল-৩, নিবন্ধিত ডেন্টাল চিকিৎসকদের জন্য তফসিল-৪ এবং নিবন্ধিত মেডিকেল সহকারীদের জন্য তফসিল-৫ এর নমুনা অনুসারে রেজিস্টারসমূহ রক্ষণাবেক্ষণ করিবেন।

(৬) কোনো চিকিৎসা সেবা প্রদানকারী রেজিস্টারে উল্লিখিত তাহার যোগ্যতা, ডিগ্রি ও ঠিকানাসহ অন্যান্য বিষয় সংশোধন করিতে চাহিলে কাউন্সিলের প্রেসিডেন্টের নিকট আবেদন করিতে হইবে।

(৭) কাউন্সিল উপ-প্রবিধি (৬) এ উল্লিখিত আবেদনের প্রেক্ষিতে প্রয়োজনীয় অনুসন্ধান করিয়া রেজিস্টারে সংশ্লিষ্ট অংশ সংশোধন করিতে পারিবে।

(৮) কোনো চিকিৎসা সেবা প্রদানকারী মৃত্যুবরণ করিলে তাঁহার নাম রেজিস্টার হইতে কর্তন করিতে হইবে।

(৯) কাউন্সিল ডিজিটাল পদ্ধতিতে এবং ইলেকট্রনিক ডাটাবেজ তৈরির মাধ্যমে চিকিৎসা সেবা প্রদানকারীগণের হালনাগাদ রেজিস্টার প্রস্তুত, সংরক্ষণ এবং উহাতে চিকিৎসা সেবা প্রদানকারীগণের নাম সংযোজন ও বিয়োজন করিতে পারিবে।

**২৮। নিবন্ধিত চিকিৎসা সেবা প্রদানকারীগণের বার্ষিক তালিকা।**—(১) ধারা ১৮, ১৯ ও ২০ এর উদ্দেশ্যপূরণকল্পে কাউন্সিল চিকিৎসা সেবা প্রদানকারীগণের নিবন্ধন করতঃ তাহাদের নাম, এতদসংক্রান্ত প্রয়োজনীয় বিবরণসহ রেজিস্টারে অন্তর্ভুক্ত করিতে পারিবে।

(২) কাউন্সিল তফসিল-৬ এর নমুনা অনুযায়ী প্রতি বৎসর ৩১ ডিসেম্বর তারিখের মধ্যে উপ-প্রবিধি (১) এর অধীন নিবন্ধিত চিকিৎসা সেবা প্রদানকারীগণের জন্য পৃথকভাবে হালনাগাদ বার্ষিক তালিকা প্রকাশ করিবে এবং উক্ত তালিকা কাউন্সিলের ওয়েবসাইটে প্রকাশ করিবে।

(৩) উপ-প্রবিধি (২) এ উল্লিখিত তালিকায় নিম্নবর্ণিত তথ্যসমূহ থাকিতে হইবে, যথা:—

(ক) হালনাগাদ নিবন্ধিত চিকিৎসা সেবা প্রদানকারীর মোট সংখ্যা;

(খ) পূর্ববর্তী বৎসরে নিবন্ধনের মাধ্যমে সংযোজিত চিকিৎসা সেবা প্রদানকারীর সংখ্যা;

(গ) রেজিস্টার হইতে সাময়িক বা স্থায়ীভাবে বাতিলকৃত চিকিৎসা সেবা প্রদানকারীর সংখ্যা ও উহার কারণ;

(ঘ) যে সকল চিকিৎসা সেবা প্রদানকারীর নিবন্ধন পুনর্বহাল করা হইয়াছে তাহাদের সংখ্যা; এবং

(ঙ) মৃত্যুজনিত কারণে রেজিস্টার হইতে নাম কাটিয়া দেওয়া চিকিৎসা সেবা প্রদানকারীর সংখ্যা।

**২৯। রেজিস্টার হইতে স্বেচ্ছায় নাম প্রত্যাহার।**—(১) কোনো চিকিৎসা সেবা প্রদানকারী রেজিস্টার হইতে স্বেচ্ছায় নিজের নাম প্রত্যাহার করিতে চাহিলে তাহাকে কাউন্সিলের প্রেসিডেন্টের নিকট আবেদন করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, উক্তরূপ আবেদন কাউন্সিল কর্তৃক বিবেচনা করা হইবে না যদি সংশ্লিষ্ট আবেদনকারীর বিরুদ্ধে কাউন্সিলের নিকট কোনো অভিযোগ তদন্তাধীন থাকে, যাহার শাস্তিস্বরূপ রেজিস্টার হইতে তাঁহার নাম প্রত্যাহার করা হইতে পারে বা পুনরায় নিবন্ধন গ্রহণ হইতে তাহাকে বারিত করা হইতে পারে।

(২) নিবন্ধক উপ-প্রবিধি (১) এ উল্লিখিত আবেদনটি আবেদনকারী যে সকল মেডিকেল বা ডেন্টাল প্রতিষ্ঠান হইতে তাহার যোগ্যতাসূচক ডিগ্রিসমূহ অর্জন করিয়াছেন এবং যে সকল প্রতিষ্ঠান নিবন্ধন তালিকা হইতে আবেদনকারীর নাম প্রত্যাহার সম্পর্কে আপত্তি উত্থাপন করিতে পারে সেই সকল প্রতিষ্ঠানের মতামতের জন্য প্রেরণ করিতে পারিবেন।

(৩) নিবন্ধক এই প্রবিধানের বিধান অনুযায়ী প্রাপ্ত আবেদন এবং উক্ত আবেদনের বিপরীতে প্রাপ্ত আপত্তিসমূহ, যদি থাকে, বিবেচনার জন্য কার্যনির্বাহী কমিটির সভায় উপস্থাপন করিবেন।

(৪) কার্যনির্বাহী কমিটির সিদ্ধান্তসহ আবেদনটির বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের জন্য উহা কাউন্সিলের সভায় উপস্থাপন করিতে হইবে।

(৫) উপ-প্রবিধি (৪) অনুসারে গৃহীত সিদ্ধান্তের বিষয়টি নিবন্ধক রেজিস্ট্রিকৃত ডাকযোগে আবেদনকারীর সর্বশেষ জ্ঞাত ঠিকানায় রেজিস্ট্রি ডাকযোগে ও ই-মেইলের মাধ্যমে প্রেরণ করিবেন।

**৩০। সনদের অনুলিপি।**—(১) নিবন্ধিত কোনো চিকিৎসা সেবা প্রদানকারী কারণ উল্লেখপূর্বক নিবন্ধন সনদের অনুলিপির জন্য আবেদন করিতে পারিবে।

(২) উপ-প্রবিধি (১) এ উল্লিখিত আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত কাগজাদি দাখিল করিতে হইবে, যথা:—

(ক) তফসিল-১০ এ উল্লিখিত ফি প্রদানের প্রমাণক;

(খ) আবেদনকারীর সাময়িক নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি;

(গ) ২ (দুই) জন স্বীকৃত মেডিকেল চিকিৎসক অথবা স্বীকৃত ডেন্টাল চিকিৎসক কর্তৃক আবেদনকারীর পরিচয় সংক্রান্ত প্রত্যয়ন; এবং

(ঘ) স্থানীয় থানায় দাখিলকৃত সাধারণ ডায়েরির অনুলিপি।

## পঞ্চম অধ্যায়
## অভিযোগ, তদন্ত, শুনানী, পুনর্বিবেচনা, আপিল, ইত্যাদি

**৩১। অসদাচরণ, গুরুতর অবহেলা, ইত্যাদি কারণে অভিযোগ দায়ের।**—(১) নিবন্ধিত কোনো চিকিৎসা সেবা প্রদানকারীর অসদাচরণের কারণে কোনো ব্যক্তি অসন্তুষ্ট হইলে তিনি বিস্তারিত কারণ উল্লেখপূর্বক কাউন্সিলের প্রেসিডেন্টের নিকট লিখিতভাবে অভিযোগ দায়ের করিতে পারিবেন।

(২) উপ-প্রবিধি (১) এ উল্লিখিত আবেদনে অভিযোগকারীর পূর্ণ নাম, যোগাযোগের নম্বর, ঠিকানা, অভিযোগ সংক্রান্ত তথ্যের উৎস্য, প্রমাণক এবং যথার্থতা বিস্তারিতভাবে উল্লেখ করিতে হইবে।

(৩) শৃঙ্খলাজনিত কোনো গুরুত্বপূর্ণ বিষয়, গুরুতর অবহেলা, চিকিৎসকের মানসিক ভারসাম্যহীনতা, অসাদাচরণ, চারিত্রিক দোষ বা আনুষঙ্গিক অন্য কোনো বিষয় যুক্তিযুক্ত মনে করিলে কাউন্সিল স্বেচ্ছায় সংশ্লিষ্ট বিষয়ে অভিযোগ গঠনসহ প্রয়োজনীয় প্রতিকারের ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

(৪) উপ-প্রবিধি (১) বা (২) এ উল্লিখিত বিষয়ে অভিযোগ গঠনের জন্য নিবন্ধক অভিযোগসমূহের একটি সংক্ষিপ্তসার প্রস্তুত করিবেন।

**৩২। অভিযোগ নিষ্পত্তি।**—(১) কাউন্সিল স্বেচ্ছায় বা প্রবিধি ৩১ এর উপ-প্রবিধি (১) এর অধীন কোনো অভিযোগ সম্পর্কিত প্রাপ্ত তথ্যসমূহ প্রাথমিক যাচাইক্রমে সন্তুষ্ট হইলে সংশ্লিষ্ট চিকিৎসা সেবা প্রদানকারীকে উত্থাপিত অভিযোগ সম্পর্কে ১৫ (পনেরো) দিনের মধ্য লিখিত জবাব প্রদানের জন্য রেজিস্ট্রিকৃত ডাকযোগে এবং ই-মেইল এর মাধ্যমে তাহার নিকট পত্র প্রেরণ করিবে।

(২) নিবন্ধক উত্থাপিত অভিযোগ এবং উপ-প্রবিধি (১) এর প্রেক্ষিতে প্রাপ্ত সংশ্লিষ্ট চিকিৎসা সেবা প্রদানকারীর জবাবসহ অন্যান্য কাগজাদি, যদি থাকে, বিবেচনার জন্য শৃঙ্খলা কমিটিতে প্রেরণ করিবেন।

(৩) উপ-প্রবিধি (২) এ উল্লিখিত কাগজাদি বিশ্লেষণের পর শৃঙ্খলা কমিটির নিকট যদি এই মর্মে প্রতীয়মান হয় যে, অভিযোগের বিষয়টি তদন্ত হওয়া প্রয়োজন তাহা হইলে সুনির্দিষ্ট সময়ের মধ্যে প্রতিবেদন দাখিলের নির্দেশ প্রদানক্রমে, তদন্ত কমিটি গঠন করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, কোনো যৌক্তিক কারণে নির্দিষ্ট সময়ে তদন্ত শেষ করা সম্ভব না হইলে শৃঙ্খলা কমিটির চেয়ারম্যান অতিরিক্ত ৭ (সাত) দিন সময় বৃদ্ধি করিতে পারিবেন:

আরও শর্ত থাকে যে, সংশ্লিষ্ট অভিযোগটির বিষয়ে যদি কোনো তদন্তের প্রয়োজনীয়তা না থাকে সেক্ষেত্রে শৃঙ্খলা কমিটি অভিযোগকারী ও অভিযুক্ত উভয়ের বক্তব্য শুনিয়া অভিযোগটি নিষ্পত্তি করিবে।

(৪) শৃঙ্খলা কমিটি সংশ্লিষ্ট অভিযোগটির উপর প্রতিবেদন প্রস্তুত করিয়া কার্যনির্বাহী কমিটির নিকট পেশ করিবে এবং কার্যনির্বাহী কমিটি উক্ত প্রতিবেদনটি পর্যালোচনা করিয়া উহার সুপারিশ কাউন্সিলের নিকট পেশ করিবে।

**৩৩। নোটিশ জারি, প্রতিলিপি, ইত্যাদি।**—(১) প্রবিধি ৩২ এর উপ-প্রবিধি (৩) এর অধীন গঠিত তদন্ত কমিটির প্রতিবেদন প্রাপ্তির পর নিবন্ধক সংশ্লিষ্ট চিকিৎসা সেবা প্রদানকারীর সর্বশেষ জ্ঞাত ঠিকানায় রেজিস্ট্রি ডাকযোগে ও ই-মেইলের মাধ্যমে তফসিল-১ অনুযায়ী নোটিশ প্রেরণ করিবেন।

(২) উপ-প্রবিধি (১) অনুযায়ী প্রেরিত নোটিশে অভিযোগের প্রকৃতি, অভিযোগের সুনির্দিষ্ট বর্ণনা, অভিযোগের বিষয়ে শুনানির তারিখ, ব্যক্তিগত হাজিরা এবং প্রাসঙ্গিক অন্যান্য বিষয়াদি উল্লেখ করিতে হইবে।

(৩) অভিযোগকারী বা অভিযুক্ত ব্যক্তি আবেদন করিলে তাহাদেরকে অভিযোগ, অভিযোগের ব্যাখ্যা বা জবাব অথবা সংশ্লিষ্ট অন্য কোনো দলিলের প্রতিলিপি প্রদান করিতে হইবে।

(৪) শুনানির তারিখ পরিবর্তন, সময় বৃদ্ধি বা এতদসংশ্লিষ্ট বিষয়ে কোনো অভিযোগকারী বা অভিযুক্ত ব্যক্তি আবেদন করিলে নিবন্ধক শৃঙ্খলা কমিটির চেয়ারম্যানের পরামর্শক্রমে যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৫) অভিযোগের সহিত সংশ্লিষ্ট সকল দলিলপত্র শৃঙ্খলা কমিটির বিবেচনার জন্য পেশ করিতে হইবে।

(৬) নিবন্ধক উপ-প্রবিধি (৫) এর অধীন দাখিলকৃত দলিলাদির সত্যায়িত অনুলিপি সংশ্লিষ্ট অভিযোগের শুনানির পূর্বেই  শৃঙ্খলা কমিটির চেয়ারম্যান ও সদস্যগণের নিকট প্রেরণ করিবেন এবং শুনানির সময় অভিযোগকারী বা অভিযুক্ত ব্যক্তিকে তাহার বক্তব্যের সমর্থনে মূল কাগজপত্র প্রদর্শন করিতে হইবে।

**৩৪। অভিযোগের শুনানি।**—(১) অভিযোগের শুনানীর ক্ষেত্রে নিবন্ধক বা তাহার প্রতিনিধি প্রবিধি ৩৩ এর উপ-প্রবিধি (১) অনুযায়ী প্রেরিত নোটিশ শৃঙ্খলা কমিটির সামনে পাঠ করিবেন এবং অভিযোগ সংক্রান্ত তথ্যাদি বর্ণনা করিবেন।

(২) শুনানিকালে অভিযোগকারী তাহার অভিযোগের বিস্তারিত বর্ণনা করিবেন এবং সংশ্লিষ্ট প্রমাণকসমূহ উপস্থাপন করিবেন।

(৩) অভিযুক্ত চিকিৎসা সেবা প্রদানকারী শুনানিকালে তাহার বক্তব্যের সমর্থনে সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করিতে ও সাফাই সাক্ষি উপস্থাপন করিতে পারিবেন।

(৪) শুনানিকালে উভয় পক্ষ সাক্ষি হাজির করিতে পারিবে এবং এক পক্ষের সাক্ষির শুনানি শেষে অপর পক্ষ উক্ত সাক্ষিকে জেরা করিতে পরিবে।

(৫) শৃঙ্খলা কমিটির চেয়ারম্যান নিজে বা চেয়ারম্যানের অনুমতিক্রমে সদস্যগণ, সাক্ষ্য চলাকালে, সাক্ষিকে অভিযোগ সম্পর্কিত যে কোনো প্রশ্ন করিতে পারিবেন ।

(৬) অভিযুক্ত ব্যক্তি নোটিশ প্রাপ্তির পরও বিনা অনুমতিতে শুনানিতে অনুপস্থিত থাকিলে তাহার অনুপস্থিতে শুনানি অনুষ্ঠান করা যাইবে।

**৩৫। আইনজীবী নিয়োগ, ইত্যাদি।**—(১) কাউন্সিল উহার কার্যাবলি সম্পাদনের ক্ষেত্রে আইনগত দিক পর্যালোচনার জন্য অস্থায়ীভাবে আইনজীবী নিয়োগ করিতে পারিবে।

(২) কোনো চিকিৎসা সেবা প্রদানকারী কোনো অভিযোগের শুনানিকালে আইনজীবীর সহায়তা গ্রহণ করিতে পারিবেন।

৩৬। **অভিযোগের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ।**—(১) শৃঙ্খলা কমিটি আনীত অভিযোগ এবং উপস্থাপিত সাক্ষ্য প্রমাণ বিবেচনা করিয়া অভিযুক্ত ব্যক্তি পেশাগত ক্ষেত্রে অসদাচরণের দায়ে দোষী কিনা অথবা মানসিক অসুস্থতা বা অন্য কোনো কারণে তাহার পেশা চালাইয়া যাইতে সক্ষম কিনা তাহা নির্ধারণ করিয়া কার্যনির্বাহী কমিটির নিকট মতামত বা সুপারিশ পেশ করিবে।

(২) শৃঙ্খলা কমিটির মতামত বা সুপারিশের বিষয়ে কার্যনির্বাহী কমিটি ভিন্নমত পোষণ করিলে উহার পর্যবেক্ষণ ও মতামতসহ বিষয়টি পুনঃতদন্তের জন্য পুনরায় শৃঙ্খলা কমিটিতে প্রেরণ করিতে পারিবে।

(৩) উপ-প্রবিধি (২) অনুযায়ী কোনো বিষয় পুনরায় শৃঙ্খলা কমিটিতে প্রেরণ করা হইলে কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া কার্যনির্বাহী কমিটির নিকট মতামত বা সুপারিশ পেশ করিবে।

(৪) কার্যনির্বাহী কমিটি সার্বিক দিক বিবেচনা করিয়া যদি মনে করে যে অভিযুক্ত চিকিৎসা সেবা প্রদানকারী পেশাগত ক্ষেত্রে অসদাচরণের জন্য দোষী বা মানসিক অসুস্থতা, নৈতিক স্খলনজনিত কারণে দোষী বা অন্য কোনো কারণে পেশাগত দায়িত্ব পালনে অনুপযুক্ত, তাহা হইলে তাহাকে নিম্নবর্ণিত এক বা একাধিক দণ্ড প্রদানের জন্য কাউন্সিলের নিকট সুপারিশ প্রদান করিতে পারিবে, যথা:—

(ক) উক্ত ব্যক্তি যদি নিবন্ধনের জন্য প্রার্থী হইয়া থাকেন, তাহা হইলে তাহার নাম নিবন্ধন না করিতে নির্দেশ প্রদান করিবে; অথবা

(খ) যদি তিনি ইতোমধ্যেই একজন নিবন্ধিত চিকিৎসা সেবা প্রদানকারী হইয়া থাকেন, তাহা হইলে তাহার নাম সংশ্লিষ্ট রেজিস্টার হইতে সাময়িক বা স্থায়ীভাবে বাতিল করিবার জন্য নির্দেশ প্রদান করিতে পারিবে; অথবা

(গ) তাহাকে এইরূপ অপরাধ পুনরায় না করিবার জন্য সতর্কতা নোটিশ জারি করিতে পারিবে; অথবা

(ঘ) তাহাকে ভর্ৎসনা করিতে পারিবে।

৩৭। **নিবন্ধন প্রত্যাখ্যান ও বাতিল।**—(১) কাউন্সিল প্রবিধি ৩৬ এর উপ-প্রবিধি (৪) অনুযায়ী গৃহীত সিদ্ধান্ত সংশ্লিষ্ট চিকিৎসা সেবা প্রদানকারীর সর্বশেষ জ্ঞাত ঠিকানায় রেজিস্ট্রী ডাকযোগে ও ই-মেইলের মাধ্যমে প্রেরণ করিবে।

(২) নিবন্ধক উপ-প্রবিধি (১) এর অধীন গৃহীত সিদ্ধান্তের বিষয়টি সংশ্লিষ্ট চিকিৎসা সেবা প্রদানকারী, যেই সকল মেডিকেল বা ডেন্টাল প্রতিষ্ঠান হইতে ডিগ্রি, সনদ বা শিক্ষাগত যোগ্যতাসমূহ অর্জন করিয়াছেন সেই সকল প্রতিষ্ঠানকে পত্র দ্বারা অবহিত করিবেন।

(৩) নিবন্ধক প্রবিধি ৩৬ এর উপ-প্রবিধি (৪) এর অধীন কাউন্সিল কর্তৃক গৃহীত সিদ্ধান্তের বিষয়টি রেজিস্টারে লিপিবদ্ধ করিবেন এবং কাউন্সিলের ওয়েবসাইটে প্রকাশ করিবেন।

৩৮। **পুনর্বিবেচনা।**—(১) কাউন্সিল কোনো চিকিৎসা সেবা প্রদানকারীর নিবন্ধনের আবেদন প্রত্যাখ্যান বা কোনো চিকিৎসা সেবা প্রদানকারীর বিরুদ্ধে প্রবিধি ৩৬ এর উপ-প্রবিধি (৪) এ উল্লিখিত কোনো সিদ্ধান্ত প্রদান করিলে সংক্ষুব্ধ ব্যক্তি উক্ত সিদ্ধান্ত বা আদেশ প্রাপ্তির অনধিক ১৫ (পনের) দিনের মধ্যে উহা পুনর্বিবেচনার জন্য কাউন্সিলের প্রেসিডেন্টের নিকট তফসিল-২ অনুযায়ী আবেদন করিতে পারিবে।

(২) উপ-প্রবিধি (১) এর অধীন দাখিলকৃত আবেদন বিবেচনা করিয়া কাউন্সিল উহার সিদ্ধান্ত বাতিল, পরিবর্তন বা আংশিকভাবে হ্রাস বা সম্পূর্ণ মওকুফের আদেশ প্রদান করিতে পারিবে।

(৩) নিবন্ধক উপ-প্রবিধি (২) এর অধীন গৃহীত সিদ্ধান্তের বিষয়টি কাউন্সিলের ওয়েবসাইটে প্রকাশ করিবেন।

৩৯। **পুনঃনিবন্ধন ও রেজিস্টারভুক্তকরণ।**—(১) ধারা ২৩ অনুযায়ী নিবন্ধিত কোনো চিকিৎসা সেবা প্রদানকারীর নাম রেজিস্টার হইতে বাতিল হইলে কাউন্সিল উহা পুনর্বহাল করিতে পারিবে।

(২) উপ-প্রবিধি (১) এর বিধান অনুযায়ী কোনো চিকিৎসা সেবা প্রদানকারীর নাম পুনর্বহালের সিদ্ধান্ত গ্রহণ করা হইলে নিবন্ধক যথাশীঘ্র সম্ভব সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে লিখিতভাবে উহা অবহিত করিবেন।

৪০। **আপিল।**—(১) কোনো স্বীকৃত মেডিকেল প্রতিষ্ঠান বা স্বীকৃত ডেন্টাল প্রতিষ্ঠান স্বীকৃতি প্রদানের অসম্মতি সংক্রান্ত কাউন্সিলের কোনো সিদ্ধান্তের ফলে সংক্ষুব্ধ হইলে ধারা ১৬ অনুযায়ী সরকারের নিকট আপিলের আবেদন করিতে পারিবেন।

(২) কোনো চিকিৎসা সেবা প্রদানকারী তাহার নিবন্ধনের অসম্মতি বা রেজিস্ট্রার হইতে তাহার নাম প্রত্যাহারের সিদ্ধান্ত সংক্রান্ত কাউন্সিলের কোনো সিদ্ধান্তের ফলে সংক্ষুব্ধ হইলে ধারা ২৪ অনুযায়ী সরকারের নিকট আপিলের আবেদন করিতে পারিবেন।

(৩) সরকার উপ-প্রবিধি (১) ও (২) এর অধীন প্রাপ্ত আবেদনটি ধারা ১৬ ও ধারা ২৪ এর বিধান অনুযায়ী নিষ্পন্ন করিবে এবং এইক্ষেত্রে সরকারের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

(৪) কাউন্সিল কর্তৃক কোনো চিকিৎসা সেবা প্রদানকারীর নাম রেজিস্ট্রার হইতে প্রত্যাহার করা হইলে এবং উক্ত সিদ্ধান্ত চূড়ান্ত হইলে উহা কাউন্সিলের ওয়েবসাইট এবং বহুল প্রচারিত একটি বাংলা ও একটি ইংরেজী পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ করিতে হইবে।

৪১। **পরিদর্শন নির্দেশনা।**—(১) কাউন্সিল ধারা ২৭ এর উদ্দেশ্যপূরণকল্পে স্বীকৃত মেডিকেল প্রতিষ্ঠান ও স্বীকৃত ডেন্টাল প্রতিষ্ঠান সরেজমিনে পরিদর্শনের উদ্দেশ্যে সময়ে সময়ে, নির্দেশনা জারি করিতে পারিবে।

(২) ধারা ২৭ এর উপ-ধারা (২) এর অধীন নিয়োগপ্রাপ্ত মেডিকেল পরিদর্শক ও ডেন্টাল পরিদর্শকগণ উপ-প্রবিধি (১) এর অধীন জারীকৃত নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা উহার পরীক্ষা পরিচালনা বা অন্যান্য কার্যক্রম পরিদর্শনসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পাঠ্যসূচী, শিক্ষণের মান ও এতদসংক্রান্ত বিষয়ে পরিদর্শন কার্যক্রম পরিচালনা করিবে।

৪২। **চিকিৎসা বা ডেন্টাল চিকিৎসা প্রতিষ্ঠানসমূহের তথ্য, বিবরণ, ইত্যাদি।**—(১) কাউন্সিল ধারা ২৬ এর বিধান অনুযায়ী কোনো স্বীকৃত মেডিকেল প্রতিষ্ঠান বা স্বীকৃত ডেন্টাল প্রতিষ্ঠানের নিকট হইতে ৩০ (ত্রিশ) দিন সময় প্রদানপূর্বক প্রয়োজনীয় তথ্য সংবলিত বিবরণ তলব করিতে পারিবে।

(২) উপ-প্রবিধি (১) এর অধীন সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কাউন্সিলকে, সময় সময়, তলবকৃত প্রয়োজনীয় তথ্যাদি সরবরাহ করিতে বাধ্য থাকিবে।

## ষষ্ঠ অধ্যায়
## বিবিধ

৪৩। **বাজেট প্রণয়ন।**—(১) সরকার কর্তৃক নির্ধারিত পদ্ধতি অনুসরণ করিয়া কাউন্সিল উহার বাৎসরিক বাজেট প্রণয়ন করিবে।

(২) নিবন্ধক প্রতি বৎসর মার্চ মাসের মধ্যে পরবর্তী অর্থ-বৎসরের জন্য কাউন্সিলের আয় ও ব্যয়ের প্রাক্কলিত হিসাব কাউন্সিলের নিকট অনুমোদনের জন্য পেশ করিবেন।

(৩) অর্থ বৎসরের যে কোনো সময় কাউন্সিলের সভায় বাজেটের সম্পূরক হিসাব অনুমোদনের জন্য উপস্থাপন করা যাইবে।

(৪) কাউন্সিলের প্রেসিডেন্ট জরুরি প্রয়োজনে ও কার্যনির্বাহী কমিটির অনুমোদনক্রমে কাউন্সিলের বাজেট আন্তঃখাত সমন্বয়ের মাধ্যমে ব্যয় করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, কাউন্সিলের পরবর্তী সভায় আন্তঃখাত সমন্বয়ের বিষয়টি উপস্থাপন ও অনুমোদন গ্রহণ করিতে হইবে।

(৫) নিবন্ধক কাউন্সিল কর্তৃক বার্ষিক বাজেট বিবরণী অনুমোদনের অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উহার একটি অনুলিপি সরকারের নিকট প্রেরণ করিবেন।

৪৪। **চলতি ব্যয় নির্বাহ।**—(১) কাউন্সিল উহার চলতি ব্যয় নির্বাহের জন্য নিবন্ধককে প্রয়োজনবোধে অনধিক ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা অগ্রিম প্রদান করিতে পারিবে।

(২) নিবন্ধক উপ-প্রবিধি (১) অনুযায়ী প্রাপ্ত বরাদ্দ প্রয়োজনীয় অফিস ব্যবস্থাপনার কাজে প্রচলিত সরকারি বিধি-বিধান অনুসারে ব্যয় করিয়া যথাযথভাবে উহার হিসাব সংরক্ষণ করিবেন।

৪৫। **চেক স্বাক্ষর।**—কাউন্সিলের ব্যয়ের সকল চেক কোষাধ্যক্ষ এবং নিবন্ধক কর্তৃক যৌথভাবে স্বাক্ষরিত হইবে:

তবে শর্ত থাকে যে, কোষাধ্যক্ষের অনুপস্থিতিতে এবং জরুরি প্রয়োজনে কারণ লিপিবদ্ধ করিয়া প্রেসিডেন্ট ও নিবন্ধক কর্তৃক যৌথভাবে চেক স্বাক্ষর করা যাইবে।

৪৬। **ভ্রমণ ও দৈনিক ভাতা।**—কাউন্সিল, কমিটি, বিশেষ কমিটি বা উপ-কমিটিসমূহের সভায় যোগদানের জন্য সংশ্লিষ্ট সদস্যগণকে এবং পরিদর্শন কাজে নিয়োজিত পরিদর্শকগণকে কাউন্সিল প্রচলিত সরকারি বিধি-বিধানের আলোকে ভ্রমণ ও দৈনিক ভাতাদি প্রদান করা যাইবে।

৪৭। **হিসাবের বার্ষিক বিবরণী।**—(১) নিবন্ধক প্রতি বৎসর জুলাই মাসে কাউন্সিলের পূর্ববর্তী অর্থ বৎসরের আয় ও ব্যয়ের হিসাবের একটি বিবরণী প্রস্তুত করিয়া কার্যনির্বাহী কমিটির বিবেচনার জন্য উপস্থাপন করিবেন।

(২) উপ-প্রবিধি (১) অনুযায়ী কার্যনির্বাহী কমিটি কর্তৃক উক্ত বিবরণী অনুমোদিত হইলে উহা কাউন্সিলের অনুমোদনের জন্য উপস্থাপন করিতে হইবে।

৪৮। **সম্পত্তি অর্জন ও হস্তান্তরের পদ্ধতি।**—(১) কাউন্সিলের স্বার্থে কোনো স্থাবর সম্পত্তি অর্জন বা হস্তান্তরের প্রয়োজন হইলে এতদুদ্দেশ্যে একটি কমিটি গঠন করিতে হইবে।

(২) উপ-প্রবিধি (১) অনুযায়ী গঠিত কমিটির সুপারিশ কাউন্সিলের অনুমোদনক্রমে সিদ্ধান্ত গ্রহণের জন্য সরকারের নিকট প্রেরণ করিতে হইবে।

(৩) উপ-প্রবিধি (২) অনুযায়ী প্রেরিত প্রস্তাবটির উপর সরকারের সিদ্ধান্ত অনুযায়ী এতদসংক্রান্ত প্রচলিত অন্যান্য বিধি-বিধান অনুসরণপূর্বক কাউন্সিল উক্ত সিদ্ধান্ত বাস্তবায়ন করিবে।

(৪) কাউন্সিলের প্রেসিডেন্ট, ভাইস প্রেসিডেন্ট, কোষাধ্যক্ষ, সদস্য, নিবন্ধক বা কোনো কর্মচারী অথবা তাহাদের কোনো আত্মীয়ের নিকট বা তাহাদের মালিকানাধীন বা আর্থিক স্বার্থ জড়িত রহিয়াছে এমন কোনো কোম্পানি, প্রতিষ্ঠান বা ব্যক্তির নিকট কাউন্সিলের কোনো সম্পত্তি হস্তান্তর করা যাইবে না।

৪৯। **সম্পত্তির দলিলাদি ও নকশা রক্ষণাবেক্ষণ।**—(১) নিবন্ধক কাউন্সিলের স্থাবর সম্পত্তির মালিকানা সংক্রান্ত দলিলাদি ম্যানুয়াল ও ডিজিটাল পদ্ধতিতে সংরক্ষণ করিবেন এবং প্রতি বৎসর সকল সম্পত্তির হালনাগাদ বিবরণী প্রস্তুত করিয়া কাউন্সিলকে অবহিত করিবেন।

(২) নিবন্ধক কাউন্সিলের মালিকানাধীন সকল সম্পত্তির রেকর্ড ম্যানুয়াল ও ডিজিটাল পদ্ধতিতে হালনাগাদ করিবেন এবং সম্পত্তির নকশা প্রস্তুত, সংগ্রহ ও সংরক্ষণ করিবেন।

৫০। **রহিতকরণ ও হেফাজত।**—(১) এই প্রবিধানমালা কার্যকর হইবার সঙ্গে সঙ্গে মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল প্রবিধানমালা, ১৯৯০, অতঃপর উক্ত প্রবিধানমালা বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, উক্ত প্রবিধানমালার অধীন,—

(ক) কৃত কোনো কার্য বা গৃহীত কোনো ব্যবস্থা এই প্রবিধানমালার অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে;

(খ) প্রদত্ত রেজিস্ট্রেশন, নিবন্ধন, স্বীকৃতি, নিবন্ধন সনদ, প্রত্যয়নপত্র, আদেশ, নির্দেশ, অনুমোদন বা সুপারিশ, জারীকৃত কোনো প্রজ্ঞাপন, বিজ্ঞপ্তি বা নোটিশ, প্রস্তুতকৃত প্রতিবেদন, রেজিস্টার, কার্যবিবরণী এই প্রবিধানমালার বিধানাবলীর সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে এমনভাবে বহাল বা চলমান থাকিবে যেন উহা এই প্রবিধানমালা অনুযায়ী প্রদত্ত, জারীকৃত বা প্রস্তুত করা হইয়াছে; এবং

(গ) গৃহীত বা সূচীত কোনো কার্য, এই প্রবিধানমালা কার্যকর হইবার সময়, অনিষ্পন্ন বা চলমান থাকিলে এমনভাবে নিষ্পন্ন করিতে হইবে, যেন উক্ত প্রবিধানমালা রহিত হয় নাই।

**তফসিল-১**
**[প্রবিধি ৩৩(১) দ্রষ্টব্য]**

**অভিযোগের বিষয়ে শুনানির জন্য উপস্থিত হইবার জন্য নোটিশ**

**জনাব,**

--------------
--------------
--------------

বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিলের পক্ষে, আমি নিম্নস্বাক্ষরকারী এই মর্মে আপনাকে জানাচ্ছি যে, কাউন্সিলের নিকট আপনার বিরুদ্ধে নিম্নোক্ত অভিযোগ আনয়ন করা হইয়াছে, যথা:-

১।................
২।................ (এখানে সংক্ষিপ্তভাবে অভিযোগসমূহ উল্লেখ করুন),

উক্ত অভিযোগসমূহের পরিপ্রেক্ষিতে ----------------অসদাচরণ/মানসিক অসুস্থতা/নৈতিক স্খলনজনিত চারিত্রিক দোষ/অন্যান্য ত্রুটির জন্য (কারণগুলি সংক্ষিপ্তভাবে উল্লেখ করুন) এর কারণে আপনি চিকিৎসা সেবা প্রদানকারী পেশা চালাইবার ক্ষেত্রে অনুপযুক্ত বলিয়া অভিযুক্ত করা হইয়াছে; এবং

আমি আদিষ্ট হইয়া আপনাকে আরও জানাইতেছি যে, বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল আইন, ২০১০ মোতাবেক উপরি-উক্ত অভিযোগের কারণে রেজিস্টার হইতে আপনার নাম কর্তন করা হইবে কি না সে বিষয়ে মতামত ও সুপারিশ করিবার জন্য ..................তারিখ ....... ঘটিকায় কাউন্সিলের শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত হইবে; এবং

উপর্যুক্ত অভিযোগের লিখিত জবাব প্রদান করিতে/উল্লিখিত সময়ে ও স্থানে কমিটির সভায় হাজির হইতে/উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে আপনার বক্তব্য (যদি থাকে) উপস্থাপনের জন্য আপনাকে অনুরোধ জানানো যাইতেছে। আপনাকে এই মর্মে আরো জানানো যাইতেছে যে, আপনি যদি কমিটির সভায় হাজির না হন তাহা হইলে কমিটি আপনার অনুপস্থিতিতে উক্ত অভিযোগের শুনানি গ্রহণক্রমে সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবে; এবং

বর্ণিত অভিযোগের বিষয়ে আত্মপক্ষ সমর্থন করিয়া আপনি জবাব প্রদান করিতে চাহিলে তাহা রেজিস্ট্রিকৃত ডাকে বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিলের নিবন্ধকের ঠিকানায় অভিযোগ শুনানির নির্ধারিত তারিখের অনধিক ১৫ (পনের) দিন পূর্বে আবশ্যিকভাবে পৌঁছাইতে হইবে।

**নিবন্ধকের স্বাক্ষর**
(সিল মোহর)

**তফসিল-২**
**[প্রবিধি ৩৮(১) দ্রষ্টব্য]**

**বরাবর,**

**প্রেসিডেন্ট**
**বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল, ঢাকা।**

**বিষয়: কাউন্সিলের সিদ্ধান্ত পুনর্বিবেচনার জন্য আবেদন।**

আমি, নিম্ন স্বাক্ষরকারী-----------------------ডিগ্রিধারী। নিম্নোক্ত যোগ্যতাসমূহের প্রেক্ষিতে----------তারিখে আমি কাউন্সিলে নিবন্ধন গ্রহণ করি, যথা:-

১।---------------;
২।---------------

কিন্তু কাউন্সিলের ........সালের............ তারিখে -------------অভিযোগের প্রেক্ষিতে আমার নাম রেজিস্টার হইতে কর্তন করা হয়।

আমার নাম রেজিস্টারে পুনরায় অন্তর্ভুক্ত করার জন্য প্রার্থনা করিতেছি। আমার আবেদনের ক্ষেত্রে যুক্তিসমূহ নিম্নরূপ, যথা:-

(ক) ......................................;
(খ)........................................।

(আবেদনকারীর স্বাক্ষর)

নাম:
ঠিকানা:
মোবাইল:
ই-মেইল:

**আবেদনপত্রের সহিত সংযুক্ত কাগজাদি:-**

(১) সংশ্লিষ্ট ঘটনার বিবরণ এবং পূর্বের নিবন্ধন সংক্রান্ত ঘোষণাপত্র;

(২) সনদসমূহের সত্যায়িত অনুলিপি;

(৩) নিবন্ধন সনদের অনুলিপি;

(৪) দুইজন প্রথম শ্রেণির সরকারি কর্মকর্তা বা দুইজন স্বীকৃত মেডিকেল চিকিৎসক বা স্বীকৃত ডেন্টাল চিকিৎসকের নিকট হইতে গৃহীত প্রত্যয়নপত্র (প্রযোজ্য ক্ষেত্রে); এবং

(৫) সম্প্রতি তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি যাহা প্রত্যয়নকারী ২ (দুই) জন স্বীকৃত মেডিকেল চিকিৎসক বা স্বীকৃত ডেন্টাল চিকিৎসক কর্তৃক সত্যায়িত হইতে হইবে।

**তফসিল-৩**

**[প্রবিধি ২৭(৫) দ্রষ্টব্য]**

**স্বীকৃত মেডিকেল চিকিৎসকদের রেজিস্টার**

| নিবন্ধনের ক্রমিক সংখ্যা | নিবন্ধনের তারিখ | নিবন্ধিত মেডিকেল চিকিৎসকের পূর্ণ নাম | নিবন্ধিত মেডিকেল চিকিৎসকের ঠিকানা | চিকিৎসা শিক্ষা যোগ্যতা ও উহা অর্জনের তারিখ | রেজিস্টার হইতে নিবন্ধিত চিকিৎসকের নাম কর্তনের কারণ ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | | | | |

**নিবন্ধকের স্বাক্ষর**
(সিল মোহর)

**তফসিল-৪**
**[প্রবিধি ২৭(৫) দ্রষ্টব্য]**

**স্বীকৃত ডেন্টাল চিকিৎসকদের রেজিস্টার**

| নিবন্ধনের ক্রমিক সংখ্যা | নিবন্ধনের তারিখ | নিবন্ধিত ডেন্টাল চিকিৎসকের পূর্ণ নাম | নিবন্ধিত ডেন্টাল চিকিৎসকের ঠিকানা | চিকিৎসা শিক্ষা যোগ্যতা ও উহা অর্জনের তারিখ | রেজিস্টার হইতে নিবন্ধিত ডেন্টাল চিকিৎসকের নাম কর্তনের কারণ ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | | | | |

**নিবন্ধকের স্বাক্ষর**
(সিল মোহর)

**তফসিল-৫**
**[প্রবিধি ২৭(৫) দ্রষ্টব্য]**

**নিবন্ধিত মেডিকেল সহকারীদের রেজিস্টার**

| নিবন্ধনের ক্রমিক সংখ্যা | নিবন্ধনের তারিখ | নিবন্ধিত মেডিকেল সহকারীর পূর্ণ নাম | নিবন্ধিত মেডিকেল সহকারীর ঠিকানা | শিক্ষাগত যোগ্যতা ও উহা অর্জনের তারিখ | রেজিস্টার হইতে নিবন্ধিত মেডিকেল সহকারীর নাম কর্তনের কারণ ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | | | | |

**নিবন্ধকের স্বাক্ষর**
(সিল মোহর)

**তফসিল-৬**
**[প্রবিধি ২৮(২) দ্রষ্টব্য]**

**নিবন্ধিত চিকিৎসা সেবা প্রদানকারীগণের তালিকা**

| ক্রমিক নং | নাম | ঠিকানা | নিবন্ধনের নম্বর ও তারিখ | শিক্ষাগত যোগ্যতা ও অর্জনের বৎসর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | | | | |

**নিবন্ধকের স্বাক্ষর**
(সিল মোহর)

নোট: এই নমুনা অনুসারে স্বীকৃত মেডিকেল চিকিৎসক, স্বীকৃত ডেন্টাল চিকিৎসক ও মেডিকেল সহকারীগণের জন্য পৃথকভাবে তালিকা প্রকাশ করিতে হইবে।

**তফসিল-৭**
**[প্রবিধি ২৪(৫) দ্রষ্টব্য]**

ছবি

**স্বীকৃত মেডিকেল চিকিৎসক হিসাবে নিবন্ধন সনদ**

**(মনোগ্রাম)**

নিবন্ধন নম্বর .................................. নিবন্ধনের তারিখ ...............................

| নাম | যোগাযোগের ঠিকানা (ডাক ও ই-মেইলসহ) | মেডিকেল চিকিৎসা সংক্রান্ত শিক্ষাগত যোগ্যতা ও উহা অর্জনের তারিখ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| | | |

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, উপরি উক্ত চিকিৎসকের নাম, নিবন্ধন নম্বর, নিবন্ধন তারিখ, ঠিকানা ও শিক্ষাগত যোগ্যতার বর্ণনাসমূহ স্বীকৃত চিকিৎসকের জন্য নির্ধারিত নিবন্ধন বইয়ের একটি অবিকল অনুলিপি।

**নিবন্ধকের স্বাক্ষর**
(সিল মোহর)

**তফসিল-৮**
**[প্রবিধি ২৪(৫) দ্রষ্টব্য]**

ছবি

**স্বীকৃত ডেন্টাল চিকিৎসক নিবন্ধন সনদ**

**(মনোগ্রাম)**

নিবন্ধন নম্বর........................................................ নিবন্ধনের তারিখ ........................

| **নাম** | **যোগাযোগের ঠিকানা (ডাক ও ই-মেইলসহ)** | **ডেন্টাল চিকিৎসা সংক্রান্ত শিক্ষাগত যোগ্যতা ও উহা অর্জনের তারিখ** |
|---|---|---|
| **(১)** | **(২)** | **(৩)** |
| | | |

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, উপরি-উক্ত ডেন্টাল চিকিৎসকের নাম, নিবন্ধন নম্বর, নিবন্ধন তারিখ, ঠিকানা ও শিক্ষাগত যোগ্যতার বর্ণনাসমূহ স্বীকৃত ডেন্টাল চিকিৎসকের জন্য নির্ধারিত নিবন্ধন বইয়ের একটি অবিকল অনুলিপি।

**নিবন্ধকের স্বাক্ষর**
(সিল মোহর)

**তফসিল-৯**
**[প্রবিধি ২৪(৫) দ্রষ্টব্য]**

ছবি

**মেডিকেল সহকারী নিবন্ধন সনদ**

**(মনোগ্রাম)**

**নিবন্ধন নম্বর ......................................................... নিবন্ধনের তারিখ ........................**

| নাম | যোগাযোগের ঠিকানা (ডাক ও ই-মেইলসহ) | মেডিকেল সহকারীর শিক্ষাগত যোগ্যতা ও উহা অর্জনের তারিখ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| | | |

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, উপরি-উক্ত মেডিকেল সহকারীর নাম, নিবন্ধন নম্বর, নিবন্ধন তারিখ, ঠিকানা ও শিক্ষাগত যোগ্যতার বর্ণনাসমূহ স্বীকৃত মেডিকেল সহকারীদের জন্য নির্ধারিত নিবন্ধন বইয়ের একটি অবিকল অনুলিপি।

**নিবন্ধকের স্বাক্ষর**
(সিল মোহর)

**তফসিল-১০**
**[প্রবিধি ২২, ২৩, ২৪, ২৫, ২৬ ও ৩০ দ্রষ্টব্য]**

**বিভিন্ন ফি**

| ক্রমিক নং | বিষয় | নির্ধারিত ফি (টাকা) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | মেডিকেল চিকিৎসক/ডেন্টাল চিকিৎসকগণের সাময়িক নিবন্ধন ফি | ৩০০ |
| ২। | মেডিকেল চিকিৎসক/ডেন্টাল চিকিৎসকের চূড়ান্ত নিবন্ধন ফি | ১,৫০০ |
| ৩। | মেডিকেল চিকিৎসা সহকারীর নিবন্ধন ফি | ৭৫০ |
| ৪। | মেডিকেল চিকিৎসক/ডেন্টাল চিকিৎসকের নিবন্ধন নবায়নের বিলম্ব ফি (প্রতি বৎসরের জন্য) | ১,০০০ |
| ৫। | মেডিকেল চিকিৎসা সহকারীর নিবন্ধন নবায়নের বিলম্ব ফি (প্রতি বৎসরের জন্য) | ৩০০ |
| ৬। | অতিরিক্ত চিকিৎসা শিক্ষা যোগ্যতা (প্রতিটির জন্য) নিবন্ধন ফি | ১,৫০০ |
| ৭। | রেজিস্টারে নাম পুনঃঅন্তর্ভুক্তি ফি | ১,০০০ |
| ৮। | বিদেশি নাগরিকের চিকিৎসা ও ডেন্টাল চিকিৎসা বিষয়ক যোগ্যতার ক্ষেত্রে নিবন্ধন ফি (৬ মাসের জন্য) | ২,৫০০ |
| ৯। | নিবন্ধন সনদের অনুলিপির জন্য ফি | ১,৫০০ |
| ১০। | মেডিকেল চিকিৎসক/ডেন্টাল চিকিৎসকের নিবন্ধন নবায়ন ফি | ২,০০০ |
| ১১। | চিকিৎসা সেবা প্রদানকারী হিসাবে শৃঙ্খলা ভঙ্গ না করা সংক্রান্ত সুপ্রতিষ্ঠা সনদ ফি | ৩,০০০ |
| ১২। | মেডিকেল চিকিৎসা সহকারীগণের নিবন্ধন নবায়ন | ৫০০ |
| ১৩। | মেডিকেল চিকিৎসক বা ডেন্টাল চিকিৎসকের বিলম্বে নিবন্ধন নবায়ন (প্রতি বৎসরের জন্য) | ৫০০ |
| ১৪। | মেডিকেল চিকিৎসা সহকারীর বিলম্বে নিবন্ধন নবায়ন ফি (প্রতি বৎসরের জন্য) | ২০০ |
| ১৫। | ছাত্র-ছাত্রীদের রেজিস্ট্রেশন ফি (স্নাতক) | ২০০ |
| ১৬। | ছাত্র-ছাত্রীদের রেজিস্ট্রেশন ফি (স্নাতকোত্তর) | ৩০০ |
| ১৭। | জরুরি ভিত্তিতে সনদ ইস্যুর ফি | ৫০০ |

| ক্রমিক নং | বিষয় | নির্ধারিত ফি (টাকা) |
|---|---|---|
| ১৮। | সনদে উল্লিখিত নাম সংশোধন ফি | ৩০০ |
| ১৯। | সনদে উল্লিখিত ঠিকানা সংশোধন ফি | ৩০০ |
| ২০। | সনদের ছবি পরিবর্তন ফি | ৩০০ |
| ২১। | কাউন্সিলের নিকট হইতে কোনো কাগজের সত্যায়ন/প্রত্যয়ন ফি (প্রতি কপির জন্য) | ৩০০ |
| ২২। | বেসরকারি মেডিকেল কলেজ/বেসরকারি-ডেন্টাল কলেজ/মেডিকেলের কোনো ডেন্টাল ইউনিট/মেডিকেল প্রতিষ্ঠান পরিদর্শন ফি | ২,৫০,০০০ |
| ২৩। | বেসরকারি মেডিকেল কলেজ/বেসরকারি-ডেন্টাল কলেজ/অনুমোদিত হাসপাতালের কোনো ডেন্টাল ইউনিট/মেডিকেল প্রতিষ্ঠান পুনঃপরিদর্শন ফি | ১,৫০,০০০ |
| ২৪। | বেসরকারি মেডিকেল সহকারী প্রশিক্ষণ প্রতিষ্ঠান পরিদর্শন ফি | ১,৫০,০০০ |
| ২৫। | বেসরকারি মেডিকেল সহকারী প্রশিক্ষণ প্রতিষ্ঠান পুনঃপরিদর্শন ফি | ১,০০,০০০ |
| ২৬। | বিদেশ হইতে প্রাপ্ত পিএইচডি ডিগ্রি প্রক্রিয়াকরণ ফি | ৩০,০০০ |
| ২৭। | বাংলাদেশের বাহিরে অবস্থিত মেডিকেল প্রতিষ্ঠান ও ডেন্টাল প্রতিষ্ঠান হইতে প্রাপ্ত স্নাতকোত্তর ডিগ্রি প্রক্রিয়াকরণ ফি | ১৫,০০০ |
| ২৮। | বাংলাদেশের বাহিরে অবস্থিত মেডিকেল প্রতিষ্ঠান ও ডেন্টাল প্রতিষ্ঠান হইতে প্রাপ্ত স্নাতক ডিগ্রি প্রক্রিয়াকরণ ফি | ৮,০০০ |
| ২৯। | কোনো বিদেশী প্রতিষ্ঠান কর্তৃক কোনো চিকিৎসা সেবা প্রদানকারীর সনদ যাচাই সংক্রান্ত ফি | ৫০ (পঞ্চাশ) মার্কিন ডলার বা সমপরিমাণ টাকা |

বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল এর আদেশক্রমে,

**অধ্যাপক ডাঃ মোহাম্মদ সহিদুল্লা**
প্রেসিডেন্ট।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd